সামবেদসংহিতা।

কৌথুমী শাখা

পূজ্যপাদ শ্রীমৎসায়ণাচার্য্যবিরচিতেন মাধবীয়েন
"সামবেদার্থপ্রকাশ"-নাম-ভাষ্যেণ,

শ্রীসত্যব্রত সামশ্রমি ভট্টাচার্য্য কৃতেন
বিবরণেন বঙ্গানুবাদেন চ
সহিতঃ,

চতুর্থো ভাগঃ।

(উত্তরার্চ্চিকঃ)

কলিকাতা—সত্যযন্ত্রে
মুদ্রিতঃ।
শাকাঃ ১৮১০

সামবেদসংহিতা।

তত্র

॥ উত্তরার্চ্চিকঃ ॥

॥ অথ ভাষ্যাবতরনিকা ॥

বাগীশাদ্যাঃ সুমনসঃ সর্বার্থানা মুপক্রমে।
যং নত্বা কৃতকৃত্যাঃ স্যুস্তং নমামি গজাননম্ ॥ ১
যস্য নিঃশ্বসিতং বেদা যো বেদেভ্যোঽখিলং জগৎ—
নির্মমে, ত মহং বন্দে বিদ্যাতীর্থ-মহেশ্বরম্ ॥ ২
তৎকটাক্ষেণ তদ্রূপং দধদ্ বুক্কমহীপতিঃ।
আদিশৎ সায়ণাচার্য্যং বেদার্থস্য প্রকাশনে ॥ ৩
যে পূর্বোত্তরমীমাংসে তে ব্যাখ্যায়াতিসংগ্রহাৎ।
কৃপালুঃ সায়ণাচার্য্যো বেদার্থং বক্তু মুদ্যতঃ ॥ ৪

(বঙ্গানুবাদ)

বাগীশ প্রভৃতি দেবগণ সর্ব্বকার্য্যের সূচনায় যাঁহাকে নতি করিয়া কৃতকার্য্য হ'ন, সেই গজানন দেবতাকে প্রণাম করি। ১। যাঁহার নিঃশ্বাস বেদ, যিনি বেদ হইতেই নিখিল জগৎ নির্ম্মাণ করিয়াছেন, সেই বিদ্যাতীর্থ-মহেশ্বরকে বন্দনা করি। ২। তাঁহার কটাক্ষমাত্রে বুক্কনামক ভূপতি, সেই রূপ ধারণ করত সায়ণাচার্য্যকে বেদার্থ প্রকাশ করিতে আদেশ করিয়াছেন। ৩। কৃপালু সায়ণাচার্য্য, পূর্ব্বমীমাংসা ও

উত্তরমীমাংসা নামে যে দুইখানি দর্শনশাস্ত্র আছে, প্রথমে তাহার ব্যখ্যা করিয়া পরে বেদার্থ বলিতে উদ্যত হইয়াছেন* ॥ ৪ ।

ব্যাখ্যাতাবৃগ্‌যজুর্ব্বেদৌ সামবেদেঽপি সংহিতা ।
ছন্দোভিধাভূদ্‌ ব্যাখ্যাতা ব্যাখ্যাস্যত্যুত্তরাভিধাম্‌ ॥ ৫
ছন্দস্যৈকৈকশোঽধীতা ঋচঃ সামোদ্ভবায় হি ।
স্তোম-নিষ্পত্তয়ে সূক্তান্যুত্তরায়া মধীয়তে ॥ ৬ ॥

(বঙ্গানুবাদ)

ঋগ্বেদ ও যজুর্ব্বেদ সম্পূর্ণই ব্যাখ্যাত হইয়াছে; সামবেদেও ছন্দোনামক সংহিতাগ্রন্থ ব্যাখ্যাত হইয়াছে, অতঃপর 'উত্তরা'নামক সংহিতাগ্রন্থখানি ব্যাখ্যাত হইবে। ৫।

ছন্দোগ্রন্থে সাম-উৎপত্তির জন্য একৈকক্রমে ঋক্‌গুলি অধীত দেখা যায় কিন্তু উত্তরাগ্রন্থে সেরূপ নহে; এখানে স্তোমনিষ্পত্তির জন্য সূক্তসকল অধীত হইয়াথাকে† । ৬।

---

* এতাবতা বেদার্থবোধের জন্য ঐ উভয় দর্শনে দৃষ্টি বিশেষ আবশ্যক।

† এক একটি ঋকে এক একটি 'সাম' হইতে পারে কিন্তু এক একটি ঋকে এক একটি 'স্তোম' হইতে পারে না (তাণ্ড্য ব্রাহ্মণের দ্বিতীয় ও তৃতীয় অধ্যায় দেখ) অতএব এ গ্রন্থে সূক্তাধ্যয়ন দেখা যায়। এ গ্রন্থের সূক্তগুলি প্রায়ই দুই বা তিন ঋকের, ২ ঋকের সূক্তকে 'প্রগাথ' এবং ৩ঋকের সূক্তকে 'তৃচ' কহে। এক একটী সূক্ত অবলম্বনে এক একটী 'স্তোত্র' প্রণীত হইয়া থাকে। বস্তুত স্তোত্রনিষ্পত্তিই সূক্তাধ্যয়নের প্রধান প্রয়োজন।

স্তোমশব্দেনোৎপত্তিষু সোমযাগেষু প্রযুজ্যমানাস্ত্রিবৃৎ-পঞ্চদশাদয়োঽভিধীয়ন্তে। অতএব তৈত্তিরীয়কাঃ প্রশ্নোত্তরাভ্যা মিদ মামনন্তি। তদাহুঃ—"কতমা বাব তানি জ্যোতীংষি য এতস্য স্তোমা ইতি? ত্রিবৃৎ পঞ্চদশঃ সপ্তদশ একবিংশ এতানি বাব তানি জ্যোতীংষি য এতস্য স্তোমাঃ"—ইতি। ছন্দোগাশ্চ ত্রিবৃদাদি-স্তোমানাং স্বরূপং ব্রাহ্মণ-দ্বিতীয়-তৃতীয়য়োরধ্যায়য়োঃ বহুধা সমামনন্তি। তে চ বহুভিরবান্তররূপোপেতাঃ সমাম্নাতাঃ স্তোমা নবসঙ্খ্যাকাঃ। তেষু পূর্ব্বোক্তাস্ত্রিবৃদাদয়শ্চত্বারঃ,ত্রিণবত্রয়স্ত্রিংশৌ (ত্রিনবসঙ্খ্যোপেতঃ স্তোমস্ত্রিণব ইত্যুচ্যতে), ছন্দোমনামকা স্তোমাস্ত্রয়ঃ। তেষু চতুর্ব্বিংশাখ্যস্তোমঃ প্রথমঃ; গায়ত্রীচ্ছন্দসা চতুর্ব্বিংশত্যক্ষরোপে-

(বঙ্গানুবাদ)

স্তোমশব্দে উৎপত্তিযাগে—সোমযাগে ব্যবহৃয়মাণ 'ত্রিবৃৎ' 'পঞ্চদশ' প্রভৃতি বুঝায়। অতএব তৈত্তিরীয়শাখাধ্যায়িগণ পাঠ করেন, যথা—"সেই জ্যোতিগুলি কোন্‌গুলি? যাহা সামগগণের স্তোম বলিয়া প্রসিদ্ধ; ত্রিবৃৎ, পঞ্চদশ, সপ্তদশ, একবিংশ প্রভৃতি যে ইহাদের স্তোম, তাহাই জ্যোতি"। ছন্দোগগণ, (তাণ্ড্য) ব্রাহ্মণের দ্বিতীয় ও তৃতীয় অধ্যায়ে ত্রিবৃৎ প্রভৃতি স্তোমগুলির স্বরূপ বহুবিধ পাঠ করিয়া থাকেন। সেই বহুপ্রকারের স্তোমগুলি সংখ্যায় নয়টি মাত্র। তন্মধ্যে পূর্ব্বোক্ত ত্রিবৃৎ প্রভৃতি চারি এবং ত্রিণব ও ত্রয়স্ত্রিংশ (ত্রিনব [২৭] সংখ্যা বিশিষ্ট স্তোমকে ত্রিণব কহে); অবশিষ্ট তিনটি 'ছন্দোম' নামে প্রসিদ্ধ। তন্মধ্যে প্রথম 'চতুর্ব্বিংশত্যক্ষরা: ইহা ঐ গায়ত্রীছন্দে পরিমিত, অতএব

তেন মীয়তইতি ছন্দোমঃ। চতুশ্চত্বারিংশাখ্যো দ্বিতীয়ঃ; স চ ত্রিষ্টুপ্‌ছন্দসা মীয়তে। অষ্টাচত্বারিংশাখ্যস্তু তৃতীয়ঃ: সোঽপি জগতীচ্ছন্দসা মীয়তে॥

নন্বথ যে হ্যাম্নাতলক্ষণোপেতেভ্যস্ত্রিবৃদাদিভ্যোঽষ্টাদশ-নবদশাদি-নামকা বহবঃ স্তোমা বিদ্যন্তে। তথাচ তৈত্তিরীয়কাঃ কেষুচিদিষ্টকোপধান-মন্ত্রেষু দেবতারূপেষ্টকাত্ব-বিবক্ষয়া তান্ স্তোমানামনন্তি—"আশাস্ত্রিবৃদ্ভান্তঃ পঞ্চদশো ব্যোম সপ্তদশঃ প্রতূর্ত্তিরষ্টাদশ স্তপো-নবদশো ঽভিবর্ত্তঃ স বিংশো ধরুণ একবিংশো বর্চ্চো দ্বাবিংশঃ সম্ভরণস্ত্রয়ো-বিংশো যোনিশ্চতুর্বিংশো গর্ভঃ পঞ্চবিংশ ওজস্ত্রিণবঃ ক্রতুরেকবিংশো ব্রধ্নস্য বিষ্টপশ্চতুস্ত্রিংশো নাকঃ। ষট্‌ত্রিংশোঽ-

(বঙ্গানুবাদ)

ছন্দোম। 'চতুশ্চত্বারিংশ'নামে দ্বিতীয় স্তোমটি চতুশ্চত্বারিংশাক্ষরের ত্রিষ্টুপ্‌ছন্দে পরিমিত। 'অষ্টাচত্বারিংশ' নামে তৃতীয় স্তোমটি অষ্টাচত্বারিংশাক্ষরের জগতীছন্দে পরিমিত॥

যদি বল, পরিগণিত নয়টি স্তোমাতিরিক্ত আরও স্তোম আছে। যথা তৈত্তিরীয় শাখায় কয়েকটি ইষ্টকোপধান মন্ত্রে ইষ্টকাগুলির দেবতাতুল্যত্ব বুঝাইবার জন্য কতকগুলি স্তোমের উল্লেখ আছে—ত্রিবৃৎ=আশা, পঞ্চদশ=ভান্ত,* সপ্তদশ=ব্যোম, অষ্টাদশ=প্রতূর্ত্তি, নবদশ=তপ, বিংশ=অভিবর্ত্ত, একবিংশ=ধরুণ, দ্বাবিংশ=বর্চ্চা, ত্রয়োবিংশ=সম্ভরণ, চতুর্বিংশ=যোনি, পঞ্চবিংশ=গর্ভ, ত্রিণব=ওজ, একবিংশ=ক্রতু, চতুস্ত্রিংশ=ব্রধ্ন বিষ্টপ্, ষট্‌ত্রিংশ=নাক,

* পঞ্চদশ স্তোমের সহিত ভান্তপ্রদেশের তুলনা করায় আর্য্যদের জ্যোতিস্তত্ত্বাভিজ্ঞতার চড়ান্ত নিদর্শন পাওআ যায়।

ভির্বর্ত্তোঽষ্টাচত্বারিংশঃ”—ইতি। এবন্তুর্হি সন্ত্যেব বহূনি স্তোমান্তরাণি, তেষাং লক্ষণানি তু ব্রাহ্মণান্তরানুসারেণ সূত্রকারৈর্ব্যুৎপাদিতানি ॥

তে চ স্তোমাঃ সর্ব্বেঽপ্যাজ্যপৃষ্ঠাদি-স্তোত্রেষূপযুক্তাঃ “পঞ্চদশান্যাজ্যানি, সপ্তদশানি পৃষ্ঠানি”—ইত্যাদি শ্রুতিভ্যঃ স্তোম বিষয়াঃ, স্তোত্রবিষয়াঃ, তন্নিষ্পাদকসামবিষয়াশ্চ ॥

সর্ব্বেঽপি বিচারা অস্মাভিশ্ছন্দোব্যাখ্যানাবতারবেলায়ামেব জৈমিনীয়ান্যধিকরণান্যুদাহৃত্য প্রদর্শিতাঃ কিং বহুনা ॥

“একং সাম তৃচে ক্রিয়তে স্তোত্রিয়ম্”—ইত্যাদি বচনৈঃ স্তোত্রনিষ্পাদকস্য সাম্নস্তৃচপ্রগাথাদিরূপাণি সূক্তান্যাশ্রয়ত্বে-

(বঙ্গানুবাদ)

অষ্টচত্বারিংশ = অভিবর্ত্ত”। (ইহার উত্তরে বলিতেছেন) আছেই ত আরও অনেক স্তোম, অন্যান্য ব্রাহ্মণগ্রন্থানুসারে সূত্রকারগণ তৎসমস্তের লক্ষণাদি ব্যুৎপাদিত করিয়াছেন।

সেই স্তোমগুলি সমস্তই, ‘আজ্যপৃষ্ঠ’ প্রভৃতি স্তোত্রের উপযোগী হইয়া থাকে; “পঞ্চদশ আজ্য ও সপ্তদশ পৃষ্ঠ” ইত্যাদি শ্রুত্যনুসারে যাহা স্তোমসমস্তের বিষয়, তাহাই স্তোত্রসমস্তের বিষয় এবং তাহাই স্তোত্রনিষ্পাদক সামসমস্তেরও বিষয়।

এ সমস্ত বিচারই ছন্দোগ্রন্থের ব্যাখ্যারম্ভে অবতরণিকায় জৈমিনীয় অধিকরণাদি উদ্ধৃত পুরঃসর প্রদর্শিত হইয়াছে অতএব এস্থলে বাহুল্যবলার আবশ্যক কি।

“তিন ঋকে একটি সাম গীত হইলে, তাহাই ‘স্তোত্রিয়’ আখ্যা লাভ করিবে”—এই বিধি অনুসারে স্তোত্রনিষ্পাদক

নোত্তরাখ্যে সংহিতা-গ্রন্থে সমাম্নাতানি। স চ গ্রন্থ একবিংশতি-সঙ্খ্যাতৈরধ্যায়ৈ রুপেতঃ

(বঙ্গানুবাদ)

সামগুলির আশ্রয় স্বরূপ তৃচ ও প্রগাথ প্রভৃতি সূক্তগুলি এই উত্তরা নামক সংহিতাগ্রন্থে আম্নাত হইয়াছে এই গ্রন্থ একবিংশতি অধ্যায়ে বিভক্ত*॥

---

* মূলগ্রন্থখানি নয় অধ্যায়ে বিভক্ত এবং প্রতি অধ্যায়ও দুই অর্দ্ধাধ্যায়ে —কোন কোন অর্দ্ধাধ্যায় তিন অধ্যায়েও বিভক্ত দেখা যায়; সাকল্যে ২১ হয়।

অথ প্রথমঃ প্রপাঠকঃ ॥

তত্র,

প্রথমার্দ্ধাধ্যায়ঃ ॥

॥ হরিঃ ওঁ ॥

(১)

১ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১
উপাস্মৈগায়তানরঃপবমানায়েন্দবে। অভিদেবাঁ

২র ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২র
ইয়ক্ষতে (১) অভিতেমধুনাপয়োথর্বাণোঅশিশ্রয়ুঃ।

৩ ২ ৩ ১ ২ ৩ ২ ১ ২ ৩ ২উ ৩ ১ ২র ৩ ১
দেবন্দেবায়দেবয়ুঃ (২) সনঃপবস্বশঙ্গবেশঞ্জনায়শম

২র ১ ২ ৩ ১ ২
র্বতে। শংরাজন্নোষধীভ্যঃ (৩)। ১

১। ১=উ০ আ০ ১, ২, ১৮, ৩। ঋ০ সং০ ৬, ৭, ৩৬, ১-২-৩। উ০ গা০ ২১, ১, ১১। সাম নাম যজ্ঞাযজ্ঞীয়। ঋ০ কশ্যপবংশীয় অসিত বা দেবল। ছ০ গায়ত্রী। দে০ পবমান সোম।

সা০ ভা০। তত্র, প্রথমাধ্যায়স্য প্রথমখণ্ডে, প্রথমসূক্তে তৃচে, য়েয় মৃক্ প্রথমা সৈব মাম্নায়তে—হে 'নরঃ' নেতারঃ! য়জ্ঞস্য, 'দেবান্' ইন্দ্রাদীন্ 'অভিইয়ক্ষতে' আভিমুখ্যেন য়ষ্টুমিচ্ছতে 'পবমানায়' ক্ষরতে 'অস্মৈ' অভিষূয়মাণায় 'ইন্দবে' সোমায় 'উপ গায়ত' উপগানং কুরুত (১)। অথ দ্বিতীয়া। হে সোম! 'তে' তব 'দেবং' দেবনশীলং 'দেবয়ুঃ' দেব-কামং রসং 'দেবায়' দেবনশীলায়েন্দ্রায় 'মধুনা' 'পয়ঃ' গব্যেন পয়সা

'অথর্ব্বাণঃ' ঋষয়ঃ 'অভ্যশিশ্রয়ুঃ' অভ্যশিশ্রিয়ন্ সমকুর্ব্বন্নিত্যর্থঃ (২)। অথ তৃতীয়া। হে 'রাজন্' দীপ্যমান সোম! 'নঃ' প্রসিদ্ধস্ত্বং 'নঃ' অস্মাকং 'গবে' 'শং' সুখং 'পবস্ব' ক্ষর, 'জনায়' পুত্রায় চ 'শং' পবস্ব, 'অর্ব্বতে' অশ্বায় চ 'শং' পবস্ব, 'ওষধীভ্যঃ' চ শং পবস্ব (৩)। ১

সা০ ভা০ অ০। হে যজ্ঞের নেতৃগণ! ইন্দ্রাদিদেবগণকে আভিমুখ্যরূপে প্রাপ্ত হইতে ইচ্ছু, পূয়মান, এই সোমের উদ্দেশে উপগান কর (১)। হে সোম! তোমার দেবনশীল, দেবকাম, রস, ইন্দ্রদেবতার উদ্দেশে মধু ও গব্যরসের সহিত অথর্ব্বা নাম ঋষিগণ (এক সময়ে) সংস্কৃত করিয়াছিলেন (২)। হে দীপ্যমান সোম! সেই তুমি আমাদের গোজাতির সুখ উদ্দেশে ক্ষরিত হও, প্রজাগণের সুখ উদ্দেশে ক্ষরিত হও, অশ্বজাতির সুখ উদ্দেশে ক্ষরিত হও, ওষধিসমস্তেরও সুখ উদ্দেশে ক্ষরিত হও (৩)। ১

অ০। হে মনুষ্যগণ! সমীপে বিদ্যমান ইহাঁকে গান কর; সমস্ত দেবগণের সহিত (দীপ্যমান অর্থাৎ জীব পদার্থমাত্রের সহিত) সঙ্গত হইতে ইচ্ছু এই প্রবাহিত বায়ুতেও আছেন এবং সর্ব্বত্র সুধাধারা ক্ষরণকারী এই চন্দ্রেও আছেন (১)। (হে সর্ব্বব্যাপিন্ প্রত্যক্ষদেব!) অথর্ব্বিগণ (অন্তরীক্ষস্থ ভাব পদার্থ সমস্ত*) একমাত্র তোমারই মধুর দুগ্ধ আশ্রয় করিয়া রহিয়াছেন; দেবয়ু (দেবযজনে প্রবৃত্ত) ব্যক্তি, দেবভাব পাইবার জন্য এই দেবতাকেই আশ্রয় করে (২)।

* "মাধ্যমিকা দেবগণা ইতি নৈরুক্তাঃ" নিরু ১১,

হে দেব! তুমি আমাদের গো-কুলের বৃদ্ধির জন্য সতত কল্যাণ ক্ষরিত কর, পুত্রপৌত্রাদি-প্রজাপুঞ্জের বৃদ্ধির জন্য সতত কল্যাণ ক্ষরিত কর, অর্ব্ব-কুলের বৃদ্ধির জন্য* সতত কল্যাণ ক্ষরিত কর, ধান্য গোধূম প্রভৃতি ওষধিসমস্তের বৃদ্ধির জন্য সতত কল্যাণ ক্ষরিত কর (৩)॥ ১

(২)

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ১ ২ ৩ ১
দবিদ্যুতত্যারুচাপরিষ্টোভন্ত্যাকৃপা। সোমাঃ শুক্রা
২র ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২র ৩ক
গবাশিরঃ (১)॥ হিন্বানোহেতৃভির্হিতআবাজংবা
২র ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩
জ্যক্রমীৎ। সীদন্তোবনুষোয়থা (২)॥ ঋধক্সোমস্ব
১ ২ ৩ ২ ৩ ১ ২ ১ ২ ৩ ১ ২ ৩ ২
স্তয়েসঞ্জগ্মানোদিবাকবে। পবস্বসূর্য্যোদৃশে (৩)॥ ২

২। ঋ০ স০ ৭, ১, ৪১, ৩-৪, ৫। উ০ গা০ ২১, ১, ১২। সাম নাম ঐ। ঋ০ মরীচিবংশীয়কশ্যপ। ছ০ ঐ। দে০ ঐ।

সা০ ভা০। অথ দ্বিতীয়তৃচে—প্রথমা। 'দবিদ্যুতত্যা রুচা' অতিশয়দীপ্ত্যা 'পরিষ্টোভন্ত্যা' পরিতঃ শব্দায়মানয়া 'কৃপা' ধারয়া চ যুক্তাঃ 'সোমাঃ' 'গবাশিরঃ' গবাশিরাঃ ভবন্তি গব্যেন পয়সা মিশ্রিতা ভবন্তি ইত্যর্থঃ (১)॥ অথ দ্বিতীয়া।

* অর্ব্বশব্দে অশ্ব (নিঘণ্টু ১, ১৪, ৩ দেখ) আরবদেশীয় অশ্বের প্রাশস্ত্য নিবন্ধনই অশ্বের এই নামকরণটি হইয়া থাকিবে। যদি এ অনুমান সত্য হয়, তাহা হইলে আরবদেশেও আর্য্যদের বাণিজ্যগতি ছিল ইহা প্রমাণিত হইল।

'বাজী' বলবান্ সোমঃ 'হেতৃভিঃ' প্রেরকৈঃ স্তোতৃভিঃ 'হিন্বানঃ' স্তোত্রৈঃ স্মর্য্যমাণঃ 'হিতঃ' অভীষ্টকারী সন্ 'বাজং' যাগাখ্যং যুদ্ধম্ 'আ অক্রমীৎ' আক্রামতি। তত্র দৃষ্টান্তঃ—যথা 'বন্নুষঃ' হন্তারো ভটাঃ 'সীদন্তঃ' যুদ্ধং প্রবিশন্তঃ আক্রামন্তি তদ্বদিত্যর্থঃ (২) ॥ অথ তৃতীয়া। হে 'সোম'! 'কবে' ক্রান্তদর্শিন্! 'সূর্য্যঃ' সুবীর্য্যঃ ত্বং 'ঋধক্' ঋধ্নুবন্। তথাচ যাস্কঃ—"ঋধগিতি পৃথগ্‌ভাবস্যানুপ্রবচনং ভবত্যথাপ্যধ্নোত্যর্থে দৃশ্যতে (নিরু০ নৈ০ ৪, ২৫)"–ইতি। 'সঞ্জগ্মানঃ' সঙ্গচ্ছমানঃ 'স্বস্তয়ে' 'দৃশে' দর্শনায় 'দিবা' দিবঃ বিভক্তিব্যত্যয়ঃ ॥ 'পবস্ব'–'ক্ষর', 'দিব্যাকবে'-'দিবাকবিঃ'—ইতি চ পাঠৌ (৩) ॥ ২

সা০ ভা০ অ০। অতিশয় প্রভান্বিত, পরিতঃ শব্দায়মান, সোমধারাসকল গব্যদুগ্ধের সহিত মিশ্রিত হইতেছে (১)। বলবান্ সোম, স্তোতৃগণকর্তৃক স্মর্য্যমাণ হইয়া অভীষ্টকারী হওত যেমন,—যোদ্ধৃবীরগণ, যুদ্ধে প্রবেশ করত শত্রুদল আক্রমণ করেন, সেইরূপে যাগাখ্য যুদ্ধ আক্রমণ করিতেছেন (২)। হে সোম! হে ক্রান্তদর্শিন্! সুবীর্য্য তুমি প্রথমে পৃথক্ থাকিয়া পরে আমাদের কল্যাণার্থ প্রতিদিন এই গব্যদুগ্ধে সঙ্গত হইতে দেখা যাও (৩) ॥ ২

অ০। ক্রমপ্রবৃদ্ধ–দীপ্তিতে এবং সর্ব্বত্র স্রুত সুধা-ধারাতে সমন্বিত, সোমমণ্ডলসকল, সূর্য্যকিরণ মিশ্রিত ও শুক্লবর্ণ (১)। সূর্য্য-রশ্মিসমূহকর্তৃক চালিত হওত, হিতকারী এই ওষধীশ, মনুজগণ যে সময়ে বিশ্রাম করে সেই সময়ে (অর্থাৎ রাত্রিতে) ওষধিসমস্তে স্বীয় সুধাধারাপাত করেন (২)। হে ক্রান্তপ্রজ্ঞ! এই চন্দ্রমণ্ডল, দিবসে নভোমণ্ডলে সূর্য্য সঙ্গত

থাকিলেও সূর্য্য হইতে পৃথক্‌ই থাকে এবং সে সময়ে সূর্য্যই আমাদের দৃষ্টিপথে প্রেরণ করিয়া থাক* ; আমাদের স্বস্তিই ইহার এক মাত্র লক্ষ্য (৩) ২ ॥

(৩)

১ ২   ৩২   ১২   ১২
পবমানস্যতেকবেবাজিন্‌ৎসর্গাঅসৃক্ষত। অর্বন্তোন
২ ৩১২   ১ ৩ ১ ২ ৩২ ৩১২৩ ১ ২ ৩
শ্রবস্যবঃ (১)॥ অচ্ছাকোশম্মধুশ্চুতমসৃগ্রংবারেঅ-
১ ২ ১২ ৩১২ ১২ ৩২উ ৩ ২
ব্যয়ে। অবাবশন্তধীতয়: (২)॥ অচ্ছাসমুদ্রমিন্দবো
৩২ ৩২৩২২ ১২৩২৩ ২ ৩২
স্তঙ্গারোনধেনবঃ। অগ্মন্নৃতস্যয়োনিমা (৩)। ৩

৩। ঋ০ স০ ৭, ২, ৮, ৫—৯,১-২। উ০ গা০ ২১, ১, ১৩। সাম নাম ঐ। ঋ০ অঙ্গিরোবংশীয় বৈখানস। ছ০ ঐ। দে০ ঐ।

সা০ ভা০। তৃতীয়তৃচে— প্রথমা। মার্জনপ্রসঙ্গমাহ—হে 'কবে' ক্রান্তপ্রজ্ঞ! হে 'বাজিন্' অন্নবন্ সোম! 'পবমানস্য' দশাপবিত্রেণ পুয়মানস্য 'তে' তব 'সর্গাঃ'। সৃজ্যন্তে ইতি সর্গা ধারাঃ। কীদৃশাঃ? 'শ্রবস্যবঃ'। ছন্দসি পরেচ্ছায়াং ক্যচ্। যষ্টৄণা মন্নং কাময়মানাস্ত্বদীয়া ধারা: 'অসৃক্ষত' সৃজন্তি, নির্গচ্ছন্তীত্যর্থঃ। তত্র দৃষ্টান্তঃ—'অর্বন্তো ন' যথা অশ্বা মন্দুরাতো নির্গচ্ছন্তি তদ্বৎ পবিত্রান্নিঃসরন্তীত্যর্থঃ। প্রয়োগাপেক্ষং চাত্র ধারা-বহুত্বম্ (১)॥ অথ দ্বিতীয়া। ধারানির্গমনপ্রসঙ্গাদভিধীয়তে—'মধুশ্চুতং' মধুররসস্য চ্যাবয়িতারং ক্ষারয়ি-

* অর্থাৎ সূর্য্যের প্রচণ্ড দীপ্তিতেই সমাচ্ছন্ন থাকে।

তারং 'কোশং' দ্রোণকলশম্ 'অচ্ছ' অভিলক্ষ্য 'অব্যয়ে' অবিময়ে অবিস্বভূতে বা 'বারে' বালে দশাপবিত্রে 'অসৃগ্রং' সোমাঃ ঋত্বিগ্‌ভিরভিসৃজ্যন্তে। সৃজেঃ কর্ম্মণি তিঙাং তিঙো ভবন্তীতি ঝোরমাদেশঃ। কিঞ্চ। 'ধীতয়ঃ' অঙ্গুলিনামৈতৎ ধরন্তি পিবন্ত্যাভিরিতি। অস্মদীয়া অঙ্গুলয়ঃ 'অবাবশন্ত' তান্ সোমান্ পুনঃপুনর্মার্জ্জনার্থং কাময়ন্তে (২)॥ অথ তৃতীয়া। 'ইন্দবঃ' ক্ষরন্তঃ সোমাঃ 'সমুদ্রং' সোমানা মেকত্রৈব সঙ্গমনস্থানং দ্রোণকলশম্ 'অচ্ছ' অভি গচ্ছন্তি। তত্র দৃষ্টান্তঃ—'ধেনবঃ' পয়ঃ—প্রদানেন জনানাং প্রীণয়িত্র্যো নবপ্রসূতিকা গাবঃ 'অস্তং' গৃহং যথা অভি গচ্ছন্তীতি তদ্বৎ। কিঞ্চ। তে সোমাঃ 'ঋতস্য যোনিং' সত্যভূতস্য যজ্ঞস্য যোনিং স্থানম্ 'আ অগ্মন্' আভিমুখ্যেন গচ্ছন্তি। গমের্লুঙি সিচো লুকি উপধালোপঃ (৩)॥ ৩

সা° ভা° অ°। হে ক্রান্তপ্রজ্ঞ! হে অন্নবন্! সোম! দশাপবিত্রে পূয়মান তোমার অন্নকাম ধারাসকল, মন্দুরা হইতে অশ্বনির্গমনের ন্যায় সবেগে নিঃসৃত হইতেছে (১)। মধুস্রাবী, উহা দ্রোণকলশে প্রবেশ করাইবার জন্য মেষলোমনির্ম্মিত ছাঁকনীতে আমাদিগ—(ঋত্বিক্‌গণ)—কর্ত্তৃক চালিত হইতেছে এবং আমাদের অঙ্গুলিগুলি সেই সোম (মার্জনার্থ) কামনা করিতেছে (২)। 'নবপ্রসূত গোসকল, যেরূপ স্বীয় দুগ্ধে গোপালগণকে পরিতৃপ্ত করত নিজ গৃহে প্রত্যাগত হয়, এই ক্ষরণস্বভাব সোমও সেইরূপে নিজ আধার দ্রোণ কলশে প্রবেশ করিতেছে এবং সত্যের স্থান এই যজ্ঞে সমাগত হইতেছে (৩)॥ ৩

৩০। সূর্য্যকরসমস্ত (কিরণাবলি) অব্যয় দ্বারে স্থিত, মধুস্রাবী কোশকে (চন্দ্রমণ্ডলকে) প্রাপ্ত হইবার ইচ্ছায় ছুটিয়াছে (২)। গৃহে প্রতিগমনোদ্যতা অচিরপ্রসূতা গাভীগণের ন্যায়* (সবেগে) ইহারা উদকসমস্তের উৎপত্তিস্থান (অন্তরীক্ষ†) প্রাপ্ত হইবার জন্য আগমন করিতেছে এবং সেই রশ্মিই তথায় আসিয়া চন্দ্রমণ্ডল‡ প্রাপ্ত হইয়া সুধাস্রাবী জ্যোৎস্নাকারে পরিণত হইতেছে § (৩)। হে রুদ্র! হে বলবন্! (স্রষ্টঃ!) চরজীবের ন্যায় অনন্তকাম এই রশ্মিসমস্ত ও সর্ব্বত্রগ তোমারই সৃষ্ট—তুমিই ইহাদিগকে সৃজন করিতেছ (১)¶॥ ৩

---

* এই দৃষ্টান্তের দ্বারা বোধ হয় তদানীং যে সকল অচিরপ্রসূতা গাভী চারণভূমিতে যাইত, তাহাদের বৎসসকল গোয়ালেই থাকিত; সমস্ত দিনে স্তনমণ্ডলসকল দুগ্ধপূর্ণ হইলে বৎসস্মৃতি-অনুসারে হম্বারবে ছুটিতে ছুটিতে প্রত্যাগত হইত।

† অন্তরীক্ষেই আকৃষ্ট রসসমস্ত হইতে মেঘ সৃষ্ট হয় অতএব মনুর সৃষ্টি প্রকরণে বলা হইয়াছে "মধ্যে ব্যোম দিশশ্চাষ্টৌ অপাং স্থানঞ্চ শাশ্বতম্"। কুল্লুক ভট্ট এস্থলে অপাংস্থান শব্দের সমুদ্র ব্যাখ্যা করিয়াছেন, তাহা সঙ্গত নহে যেহেতু অন্য শ্লোকে "সরিতঃ সাগরান্" থাকায় সাগরের উৎপত্তি বারদ্বয় উল্লিখিত হওয়া অসঙ্গত।

‡ "চন্দ্রমা অপ্স্বন্তরা" মন্ত্রাদিতে নির্ণীত আছে, যে চন্দ্রের স্থান, সূর্য্যের বহু নিম্নে ও পৃথিবীর নিকটে।

§ অন্যান্যস্থলে এভাব আরও সুস্পষ্ট আছে, পূর্ব্বভাগ দেখ।

¶ এ সূক্ত যথাক্রমে অনুবাদিত হইল না। প্রত্যুত বুঝিবার সুবিধার জন্য দ্বিতীয় তৃতীয় সন্নিবেশানন্তর প্রথম ঋকটীর সমাবেশ কৃত হইল।

॥ ইতি বহিষ্পবমান স্তোত্রং ॥*

* এই সূক্তত্রয়ের নয়টী ঋক্‌কেই 'পাবমানী' কহে। এই নবঋক্ অবলম্বনে 'ত্রিবৃৎ' নামক স্তোম ও জ্যোতিষ্টোমিক বা গায়ত্র নামে স্তোত্র সমুৎপন্ন হয়। ত্রিবৃৎস্তোমের উদ্যতী, পরিবর্ত্তিনী ও কুলায়িনী—এই ত্রিবিধ বিষ্টুতি প্রভৃতির পরিচয় তাণ্ড্যব্রাহ্মণে দ্রষ্টব্য। উদগ্‌বংশা নামক যজ্ঞশালার অন্তর্গত সদোমণ্ডপের পশ্চিমে স্থিত প্রাচীনবংশা নামক যজ্ঞশালার অন্তর্গত ঐষ্টিক বেদীর উত্তরে যে পবমান বেদী নির্ম্মিত হয়, তাহাতেই এই ত্রিবৃৎ স্তোম ব্যবহৃত হইয়া থাকে। এই বেদীটী সদোমণ্ডপের বাহিরে নির্ম্মিত হয় বলিয়াই এ বেদীটীতে ব্যবহার্য্য ঐ জ্যোতিষ্টোমিক বা গায়ত্র নামক স্তোত্রকে 'বহিষ্পবমান স্তোত্র' কহে। এই স্তোত্রটী জ্যোতিষ্টোমে ব্যবহৃত হইয়া থাকে, সেই জন্যই ইহাকে 'জ্যোতিষ্টোমিক'ও কহে এবং 'গায়ত্র' নামটীও স্বরানুযায়ী। গবাময়নাদি সত্রে প্রথম, চারিটী অভিপ্লবিকে চতুর্বিংশতি দিবস গত হয়, অনন্তর এক পৃষ্ঠ্যষড়হে মাস পূর্ণ হয়। ৩৬১ দিবসে সত্র সমাপ্ত হয়, তন্মধ্যে যে কয়টী পৃষ্ঠ্যষড়হ হইয়া থাকে, তৎসমস্তেরই প্রথমাহে এই স্তোত্র ব্যবহৃত হইবার বিধি আছে। এই জন্যই এ স্তোত্রের অপর নাম 'পৃষ্ঠ্য'। ঔদুম্বরী স্তম্ভ শাখাকে স্পর্শ করত* পৃষ্ঠ্যষড়হের উদ্গানকার্য্য সম্পন্ন হইয়া থাকে অতএব স্পর্শহেতুকই পৃষ্ঠ্যনামের উৎপত্তি। সাধারণত এই সুক্তত্রয়াবলম্বনে যে সামত্রয় গীত হইয়া থাকে, সে তিনটীকেই "য়জ্ঞায়জ্ঞীয়" বলা যায়। ছন্দআর্চ্চিক "য়জ্ঞায়জ্ঞা বো অগ্নয়ে"—এই ঋকে চতুর্বিধ সাম গীত দেখা যায় তন্মধ্যে যে স্বর "য়জ্ঞায়জ্ঞীয়" নামে পরিচিত, সেই স্বরেই এই সামত্রয়ও গীত হয় বলিয়া ইহাদিগকেও "য়জ্ঞায়জ্ঞীয়" কহে। এই সামত্রয় উহগানের একবিংশ প্রপাঠকের প্রথমার্দ্ধে ১১, ১২ ও ১৩।

* সূত্রগ্রন্থে একখানি বৃহৎ বস্ত্রে উহা সম্পূর্ণরূপে আচ্ছাদিত করার বিধি আছে এবং তাহারই একদেশ ধরিয়া ঔদুম্বরীর স্পর্শ করণের ব্যবহারও আছে। ঐ বৃহৎ বস্ত্রখানি কার্য্যশেষে ঐ উদ্গাতৃনামক ঋত্বিকেরই প্রাপ্য। এস্থলে মীমাংসাদর্শনকার জৈমিনি বলেন, যে ঔদুম্বরীর স্পর্শমাত্র প্রয়োজনীয় সম্পূর্ণ-আচ্ছাদন করার বিধি কেবল লোভমূলক অতএব এরূপ স্মৃতি প্রমাণ নহে"।

(৪)

২৩১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩১২ ১ ২র
অগ্নআয়াহিবীতয়েগৃণানোহব্যদাতয়ে। নিহোতা
৩ ২ ১২২ ১২ ৩ ১ ২
সৎসিবর্হিষি (১)॥ তন্ত্বাসমিদ্ভিরঙ্গিরোঘৃতেনবর্দ্ধয়া
৩১ ২ ১২৩২৩২৩
মসি। বৃহচ্ছোচায়বিষ্ঠ্য (২)॥ সনঃপৃথুশ্রবায্য
১২ ৩১২ ৩১২
মচ্ছাদেববিবাসসি। বৃহদগ্নেসুবীর্য্যম্ (৩)॥ ৪

৪। ছং আং ১, ১, ১, ১ [১পৃ]। ২=ঋ০ বা০ রং ৩, ৩। ঋ০ স০ ৪,৫, ২২, ৪—২৩, ১-২। সাং নাষ্ট। দেং অগ্নি।

সাং ভা০। দ্বিতীয়খণ্ডে, প্রথমতৃচে— প্রথমা। হে 'অগ্নে' অঙ্গনাদিগুণবিশিষ্ট! ত্বম্ 'আয়াহি' অস্মদ্ যজ্ঞং প্রত্যাগচ্ছ। কিমর্থম্? 'বীতয়ে' হবিষাং চরুপুরোডাশাদীনাং ভক্ষণায়। কীদৃশঃ সন্? 'গৃণানঃ' অস্মাভিঃ স্তূয়মানঃ। ব্যত্যয়েন কর্ম্মণি কর্তৃপ্রত্যয়ঃ। পুনশ্চ কিমর্থম্? 'হব্যদাতয়ে' দেবেভ্যো হবিঃ প্রদানায়। আগত্য চ 'হোতা' দেবানা মাহ্বাতা সন্ 'বর্হিষি' আস্তীর্ণে দর্ভে 'নিষৎসি' নিষীদ। সদেঃ ছান্দসঃ শপো লুক্ (১)॥ অথ দ্বিতীয়া। হে 'অঙ্গিরঃ' অঙ্গনাদিগুণযুক্ত! অঙ্গিরসঃ পুত্র বা অগ্নে! 'তং' পূর্ব্বোক্তগুণং 'ত্বা' ত্বাং 'সমিদ্ভিঃ' সমিন্ধন-হেতুভিঃ দারুভিঃ 'ঘৃতেন' আজ্যেন চ 'বর্দ্ধয়ামসি' বর্দ্ধয়ামঃ। অতো হে 'যবিষ্ঠ্য' যুবতমাগ্নে! 'বৃহৎ' মহৎ অত্যন্তং 'শোচ' দীপ্যস্ব (২)॥ হে 'দেব' দ্যোতমানাগ্নে! স পূর্ব্বোক্তগুণস্ত্বং 'পৃথু' বিস্তীর্ণং 'শ্রবায্যং' শ্রবণীয়ং প্রশস্যং 'বৃহৎ' মহৎ 'সুবীর্য্যং' শোভনবীর্য্যোপেতং

ধনং 'নঃ' অস্মান্ 'অচ্ছ' 'বিবাসসি' অভিগময়। অত্র বাজসনেয়কম্—'অচ্ছাদেববিবাসসীতি তন্মোঽগ্নিময়েত্যেবৈতদাহেতি (৩)॥ ৪

সা০ ভা০ অ০। হে কম্পনাদিগুণবিশিষ্ট! অগ্নে! আমাদিগকর্ত্তৃক স্তূয়মান হওত, চরু পুরোডাশাদি হবিসিদ্ধির জন্য এবং দেবগণকে হবিঃপ্রদানার্থ হোতৃরূপে এই আস্তীর্ণ দর্ভে আসীন হও (১)। হে অঙ্গিরঃ! আমরা তোমাকে এই সমিৎপুঞ্জের দ্বারা এবং ঘৃতের দ্বারা বর্দ্ধিত করিতেছি, হে যুবতম! অগ্নে! অত্যন্ত প্রদীপ্ত হও (২)। হে দ্যোতমান! তুমি আমাদিগকে প্রশংসা ও সুন্দর বীর্য্যের নিদানভূত, বিস্তীর্ণ সুমহৎ ধন প্রাপ্ত করাও (৩)॥ ৪

অ০। হে অগ্নে! (পার্থিবাগ্নে!) বীতি ও হব্যদাতির জন্য (অরণিদ্বয় হইতে) উদ্গীর্ণ হওত আবির্ভূত হও এবং আমাদের হোমকার্য্য সম্পাদনার্থ এই তৃণকাষ্ঠে নিষণ্ণ হও*(১)। হে অঙ্গিরঃ কম্পনস্বভাব! (বৈদ্যুতাগ্নে!) তোমাকে সমিৎকাষ্ঠসমূহের দ্বারা এবং ঘৃতের দ্বারা বর্দ্ধিত করিতেছি; হে নিত্য-তরুণ! ভালরূপে প্রজ্বলিত হও (২)। হে দেব! (সূর্য্য!) বৃহদাকার ও প্রশস্য তোমাকে তিনিই আমাদিগের সমীপে প্রতিদিন প্রেরণ করিয়া থাকেন, অগ্নে (দিব্যাগ্নে!) তোমারই সাহায্যে আমরা মহৎ ও সুন্দর বীর্য্যলাভে সমর্থ হই (৩)॥ ৪

* পার্থিবাগ্নির তিনটী কার্য্য—দহন, পচন ও হবির্বহন। এই পদার্থবিজ্ঞান উপদিষ্ট হইল। নিরুক্তে অগ্নির এই কার্য্য তিনটী আরও স্পষ্ট বর্ণিত হইয়াছে ৭অ০ ৬পা০ ৯খ০।

(৫)

১ ২ ৩ ১ ২র ২ ৩ ১ ২
আনোমিত্রাবরুণাঘৃতৈর্গব্যূতিমুক্ষতম্। মধ্বারজাংসি
৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ১র
সুক্রতূ (১)॥ উরুশংসানমোবৃধামহ্নাদক্ষস্য
৩ ২ ৩ ২
রাজথঃ। দ্রাঘিষ্ঠাভিঃশুচিব্রতা (২)॥ গৃণানাজম
২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২র
দগ্নিনায়োনাবৃতস্যসীদতম্। পাতংসোমমৃতাবৃধা (৩)॥ ৫

৫। ছ০ আ০ ৩১৯ পৃ০ ৩, ১, ৩, ৭ : ঋ০ স০ ৩, ৪, ১১, ৫-৬-৭। সা০ নাই। দে০ মিত্রাবরুণ। ছ০ ঐ। ঋ০ গাথী বিশ্বামিত্র।

সা০ ভা০। দ্বিতীয়তৃচে—প্রথমা। 'সুক্রতূ' শোভনকর্মাণৌ, হে 'মিত্রাবরুণৌ'! 'নঃ' অস্মাকম্ 'গব্যূতিং' গবাং মার্গং গোনিবাসস্থানং 'ঘৃতৈঃ' ক্ষরণসাধনৈঃ পয়োভিরুদকৈঃ 'আ উক্ষতং' সমন্তাৎ সিঞ্চতম্। অস্মভ্যং দোগ্ধ্রীঃ গাঃ প্রয়চ্ছতমিত্যর্থঃ। কিঞ্চ 'মধ্বা' মধুরেণ সুরসেন 'রজাংসি' পারলৌকিকানি অস্মদ্বাসস্থানানি 'সিঞ্চতম্' (১)॥ অথ দ্বিতীয়া। 'শুচিব্রতা' পরিশুদ্ধকর্মাণৌ হে মিত্রাবরুণৌ! 'উরুশংসা' উরুভিঃ শংসনীয়ৌ। যদ্বাত্র বৃহচ্ছংসঃ শস্ত্রং

† অগ্নির ত্রিবিধ আকারে ত্রিলোক-স্থায়িত্ব নিরুক্তের সপ্তমাধ্যায়ে বৈশ্বানর-ব্যাখ্যা প্রকরণে স্পষ্ট বর্ণিত হইয়াছে, তাহা দেখিবার উপযুক্ত।

‡ সূর্য্যের বিস্তীর্ণতা ও প্রশংস্যতা পক্ষে কাহারও সন্দেহই নাই এবং সূর্য্যোদয় ফলেই মহৎ ও সুন্দর বীর্য্যলাভ হয়, ইহাও অস্বীকার্য্য নহে। অধিকন্তু জড় সূর্য্য যে স্বতঃপ্রবৃত্ত হইয়া কার্য্যকরণে সমর্থ নহেন, অবশ্য তাঁহার প্রেরক কেহ আছেন, ইহাও এ মন্ত্রে অপ্রকাশ নাই।

য়য়োস্তৌ। ‘নমোবৃধা’ নমসা হবির্লক্ষণেনান্নেন স্তোত্রেণ ব্বা বর্দ্ধমানৌ। ‘দ্রাঘিষ্ঠাভিঃ’ অত্যন্তদীর্ঘস্তুতিলক্ষণাভির্যুক্তৌ যুবাং ‘দক্ষস্য’ দক্ষতে সমর্থো ভবত্যনেনেতি দক্ষং ধনং বলং বা তস্য ‘মহ্না’ মহত্ত্বেন রাজথঃ’ ঈশাথে (২)॥ অথ তৃতীয়া। হে মিত্রাবরুণৌ! ‘জমদগ্নিনা’ এতন্নামকেন মহর্ষিণা য়দ্বা জমদগ্নিনা প্রজ্বলিতাগ্নিনা বিশ্বামিত্রেণ ‘গৃণানা’ স্তূয়মানৌ যুবাং ‘ঋতস্য’ যজ্ঞস্য ‘য়োনৌ’ দেবয়জনাখ্যে দেশে ‘সীদতং’ উপবিশতং ‘ঋতাবৃধা’ ঋতস্য কর্ম্মফলস্য বর্দ্ধয়িতারৌ যুবাং ‘সোমং’ ‘পাতম্’ অস্মাভিরভিষুতম্ সোমং পিবতম্ (৩)॥ ৫

সা০ ভা০ অ০। শোভনকর্ম্মা হে মিত্রাবরুণ। আমাদের গো-চারণ পথ সকল বা গো-নিবাসস্থানসমূহ জলে সিঞ্চিত কর অর্থাৎ ইহলোকে আমাদিগকে দোগ্ধ্রী-গাভীসকল প্রদান কর এবং পারলৌকিক আবাস-স্থানসকলও মধুররসে সিক্ত কর (১)। পরিশুদ্ধকর্ম্মা হে মিত্রাবরুণ! বহুজন কর্ত্তৃক প্রশংসনীয়, হবিঃপ্রদানের দ্বারা বর্দ্ধমান ও অত্যন্ত দীর্ঘ স্তুতিযুক্ত তোমরা, ধন বা বলের মহত্ত্বের সহিত রাজত্ব করিতেছ (২)। হে মিত্রাবরুণ! জমদগ্নিনামক মহর্ষিকর্ত্তৃক তোমরা, যজ্ঞের যোনি এই দেবযজনাখ্য প্রদেশে উপবিষ্ট হও!—কর্ম্মফলের বর্দ্ধয়িতা তোমরা, আমাদিগকর্ত্তৃক অভিষুত সোমপান কর (৩)॥ ৫

অ০। সুন্দরকার্য্যকারী, মিত্রাবরুণ দেবতাদ্বয়, আমাদের (উর্দ্ধে) ক্রোশদ্বয় জলসিক্ত করুন, ধূলিগুলি জলে গুলিয়া যাউক (১)। তোমাদের কার্য্যক্ষেত্র বিস্তৃত, তোমাদের প্রভাবেই অন্নসকল বৃদ্ধি প্রাপ্ত হয়, সুদীর্ঘ দিক্‌সমূহে তোমর

পবিত্রীকরণকার্য্যে ব্রতী, তোমরা মহত্ত্বের সহিত দক্ষের সম্পত্তিতে রাজত্ব করিতেছ (২)। বৈদ্যুতাগ্নির সহিত স্তূয়মান হওত জলের উৎপত্তিস্থানে (অন্তরীক্ষে) প্রসন্নভাবে দেখা দেও এবং জলে বৃদ্ধি প্রাপ্ত মেঘবৃন্দের সহিত সোমমণ্ডল রক্ষা কর (৩)* ॥ ৫

(৬)

১ ২ ৩ ২উ ৩ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ২ ২উ ৩ ১
আয়াহিসুষুমাহিতইন্দ্রসোমম্পিবাইমম্। এদম্বর্হিঃ
২ ৩ ১ ২ ১ ২ ৩ ২ ৩ ২ ৩ ১ ২ ৩
সদোমম (১)॥ আত্বাব্রহ্মযুজাহরীবহতামিন্দ্রকে
১ ২ ২ ৩ ১ ৩ ৩ ১ ২ ৩ ২
শিনা। উপব্রহ্মাণিনঃশৃণু (২)॥ ব্রহ্মাণস্ত্বাযুজা
৩ ১ ২ ৩ ২ ২ ৩ ১ ২ ৩ ১ ২
বয়ংসোমপামিন্দ্রসোমিনঃ। সুতাবন্তোহবামহে (৩)॥

* অনন্তকাল, দিবার দ্বারাই পরিমিত হয়, এই জন্য দিবাকে মিত্র কহে। এবং রাত্রিকালে জগৎ তমোজালে আবৃত হয় বলিয়াই রাত্রিকে বরুণ কহে। এতাবতা মিত্রাবরুণ শব্দে অহোরাত্র। ঐতরেয়ব্রাহ্মণের ৪,২,৪ দেখ। মিত্রের কার্য্য রসাদান এবং বরুণের কার্য্য রসপ্রদান, এই আদান প্রদান দ্বারা অন্তরীক্ষে মেঘ জন্মায় ও সেই মেঘ বৃষ্ট হইলে আমাদের উর্দ্ধতন দ্বিক্রোশের বায়ু শীতল ও নিম্নস্থ ভূমি কর্দ্দমাকারে পরিণত হইয়া থাকে। এই বৃষ্টিই অন্নবৃদ্ধির নিদান এবং রসের আদান প্রদান দ্বারাই শরীরাদি সমস্ত প্রকৃতিই শোধিত হইয়া থাকে। জগতের মঙ্গলের জন্য বৈদ্যুতাগ্নির সাহিত্যে মেঘসমূহের ও সোমমণ্ডলের রক্ষাবেক্ষণের জন্য অন্তরীক্ষে ইহাঁদের প্রসন্নভাবে স্থিতিও প্রার্থনীয় মিত্রাবরুণ দেবদ্বয় এই সূক্তোক্ত কার্য্যসকল করিতেছেন, কিন্তু এই রাজত্ব করা তাঁহাদের নিজের রাজ্যে নহে প্রত্যুত কোন একজনা দক্ষ—সৃষ্টিনিপুণ পরমদেবতার রাজ্যে। এতাবতা ইহাও জানা গেল যে পূর্ব্বতন আর্য্যগণের দৃষ্টি, মিত্রাবরুণ পর্য্যন্তেই আবদ্ধ ছিল না।

৬। ছং আ০ ৩২৩ পৃ০ ২, ২, ৫, ৭। ঋ০ স০-৬, ১, ২২, ১-২-৩।
সা০ নাই। ঋ০ কণ্ববংশীয় ইরিমিঠি। ছ০ ঐ। দে০ ইন্দ্র।

সা০ ভা০। তৃতীয়ে তৃচে—প্রথমা। হে 'ইন্দ্র'! ত্বম্ 'আয়াহি' অস্মদ্‌যজ্ঞং প্রত্যাগচ্ছ, বয়ং 'তে' ত্বদর্থং 'সুষুমা হি' সোম মভিষুতবন্তঃ খলু তম্ 'ঈম্' অভিষুতং সোমং 'পিব' ত্বদর্থং 'মম' য়মিদং 'বর্হিঃ' বেদ্যা মাস্তীর্ণং দর্ভম্ 'আ সদঃ' আসীদ অভি নিষীদ (১) ॥ অথ দ্বিতীয়া। হে 'ইন্দ্র'! 'ব্রহ্মযুজা' ব্রহ্মণা মন্ত্রেণ য়ুজ্যমানৌ 'কেশিনা' কেশিনৌ কেশবন্তৌ 'হরী' হরণশীলৌ বা অশ্বৌ 'ত্বা' ত্বাম্ 'অবহতাম্' অভিপ্রাপয়তাম্। ত্বং চাস্মদ্‌যজ্ঞ মুপেত্য 'নঃ' অস্মাকং 'ব্রহ্মাণি' স্তোত্রাণি 'শৃণু' সম্যক্ চিত্তে ধারয় (২) ॥ অথ তৃতীয়া। হে 'ইন্দ্র' 'ব্রহ্মাণঃ' ব্রাহ্মণা বয়ং 'ত্বা' ত্বাং 'য়ুজা' য়োগ্যেন স্তোত্রেণ 'হবামহে' আহ্বয়ামহে। কথম্ভূতম্? 'সোমপাং' সোমস্য পাতারম্। ঈদৃশা বয়ং 'সোমিনঃ' সোমযুক্তাঃ 'সুতাবন্তঃ' অভিষুতৈঃ সোমৈরুপেতাঃ ॥ 'ব্রহ্মাণস্ত্বায়ুজাবয়ং'—'ব্রহ্মাণস্ত্বাবয়ং য়ুজা'—ইতি পাঠৌ (৩) ॥৬

সা০ ভা০ অ০। হে ইন্দ্র! আমাদের যজ্ঞের প্রতি আগমন কর। আমরা তোমার জন্য সোম অভিষুত করিয়াছি, অভিষুত এই সোমরস তুমি পান কর। তোমার জন্যই এই বেদীতে দর্ভপুঞ্জ আস্তৃত রহিয়াছে, আসীন হও (১) ॥ হে ইন্দ্র! মন্ত্রের দ্বারা যোজনীয়, কেশবিশিষ্ট, হরণশীল অশ্বদ্বয়, তোমাকে প্রাপ্ত হউক। তুমি সেই বাহন অবলম্বনে আমাদের যজ্ঞে সমাগত হইয়া আমাদের স্তোত্রসকল সম্যক্ শ্রবণ কর (২) ॥ হে ইন্দ্র! সোম অভিষব করিয়া সোমযুক্ত,

ব্রাহ্মণ আমরা, উপযুক্ত স্তোত্র দ্বারা সোমপ্রু তোমাকে আবাহন করিতেছি (৩) ॥ ৬

অ০। হে ইন্দ্র! 'সুষুমা-হিতঃ' সুষমা = পরমা শোভা, তৎসহ দ্যুলোকে স্থাপিত, তুমি, আমার এই শরীররূপ কুশাসনে আগমন কর— এই শারীর সোম রক্ষা কর (১)*। হে ইন্দ্র! ব্রহ্ম বলে সংযুক্ত, কেশর্বিশিষ্ট অশ্বদ্বয়†, তোমাকে সতত ব্রহ্মসমস্তের‡ সমীপে বাহিত করিতেছে—আমাদিগকেও চিত্তে ধারণ কর (২)। হে ইন্দ্র! তোমার সহ যোগপ্রাপ্ত§ আমরাও ব্রহ্মণ, আমাদের শরীরে সোম সমুৎপন্ন হইয়াছে সুতরাং আমরা সোমবিশিষ্ট হইয়া সোমরক্ষাকারী তোমাকে আহ্বান করিতেছি (৩) ॥ ৬

* রক্ষার্থে পা-ধাতুর স্থানে পিবাদেশ বেদে হইবার বাধা নাই।

† এ সূক্তের ইন্দ্র সূর্য্য। সূর্য্যের বহনকারী অর্থাৎ পার্থিবপদার্থসমূহের সহিত ও অন্তরীক্ষস্থ বা দ্যুস্থ পদার্থ-নিচয়ের সহিত সূর্য্যের সম্বন্ধকারী রশ্মিসমূহই সূর্য্যের অশ্ব; পৃথিবীতে উদয়কালে পশ্চাদ্ ব্যতীত সপ্তদিকেই থাকিতে দেখা যায় বলিয়া ঐ অশ্বসংখ্যা সপ্ত এবং রাশিচক্রমধ্যে স্থিত বিবেচনায় নিম্নোর্দ্ধগামী দুইটীমাত্র; কিরণছটাই অশ্বস্কন্ধ-কেশস্থানাপন্ন, ইহারা যে সূর্য্যের একচক্র রথে অর্থাৎ চক্রাকারে বিদ্যমান রশ্মিমণ্ডলে নিয়ত সংযুক্ত রহিয়া সতত সূর্য্যসম্মুখে চালিত করিতেছে, ইহার নিদান একমাত্র ব্রহ্ম-বল। ঐতরেয় ব্রাহ্মণ ৫, ১, ৩, দেখ

‡ এতাবতা বিশ্বব্রহ্মাণ্ডের সমস্ত পদার্থকে ব্রহ্ম বলা যায়।

§ সূর্য্যরশ্মি আমাদের শরীরে পতিত হইতেছে স্বীকৃত হইলেই সূর্য্যের সহিত আমাদের যোগ হইল, ইহাও সুতরাং স্বীকার্য্য।

(৩)

১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ২উ ৩ ১ ২ ৩
ইন্দ্রাগ্নীআগতংসুতংগীর্ভির্নভোবরেণ্যম্। অস্য
২ ৩ ২ ৩ ২ ১ ২ ৩ ১ ২র ৩ ১ ১
পাতন্ধিয়েষিতা (১)॥ ইন্দ্রাগ্নীজরিতুঃসচায়জ্ঞোজি
৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ২ ১ ৩
গাতিচেতনঃ। অয়াপাতমিমংসুতম্ (২)॥ ইন্দ্র
৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ১ ২র ৩ ১ ২
মগ্নিঙ্কবিচ্ছদায়জ্ঞস্যজূত্যাবৃণে। তাসোমস্যেহতৃম্প
তাম্ (৩)॥ ৭

৭। গ০ বা০ স০ ৭, ৩১। ঋ০ স০ ৩, ১, ১১, ১-২-৩। ঋ০ গাথী বিশ্বামিত্র। ছ০ গায়ত্রী। দে০ ইন্দ্রাগ্নী। সা০ নাই।

সা০ ভা০। চতুর্থ তৃচে— প্রথমা। ইন্দ্রশ্চাগ্নিশ্চ ‘ইন্দ্রাগ্নী’ দেবৌ ‘সুতম্’ অভিষবাদিভিঃ সংস্কারৈঃ সংস্কৃতম্ অতএব ‘বরেণ্যং’ বরণীয়ং সম্ভজনীয় মিমং সোমং প্রতি ‘গীর্ভিঃ’ অস্মদীয়াভির্বাগ্‌ভিরাহুতৌ সন্তৌ ‘নভঃ’ নভসঃ স্বর্গাখ্যাৎ স্থানাৎ ‘আগতম্’ আগচ্ছতম্। আগত্য চ ‘ধিয়া’ অস্মাভিঃ ক্রিয়মাণেন কর্ম্মণা ‘ইষিতা’ ইষিতৌ প্রেরিতৌ যুবাম্ ‘অস্য’ ইমং সোমং ‘পাতং’ পিবতম্। যদ্বা। ‘ধিয়া’ অস্মদীয়য়া বুদ্ধ্যা ইষিতৌ প্রাপ্তৌ অস্মদ্ভক্ত্যা প্রেরিতৌ যুবা মিমং সোমং

---

* পূর্ব্বে বলা হইয়াছে ব্রহ্ম-বলে সংযুক্ত, এখানে বলা হইতেছে আমরাও ব্রহ্ম এতাবতা জীবাত্মা ও পরমাত্মার বস্তুত অভেদ বোধিত হইল এবং ব্রহ্ম-সমস্তেরই সমীপে সূর্য্য সতত বাহিত হইতেছেন বলায় “সর্ব্বং খল্বিদং ব্রহ্ম” প্রতিপন্ন হইল

পিবতম্ (১) ॥ অথ দ্বিতীয়া। হে 'ইন্দ্রাগ্নী' 'জরিতু' স্তোতুঃ 'সচা' স্বর্গাদিলক্ষণপ্রাপ্তৌ সহায়ভূতৌ 'যজ্ঞঃ' জ্যোতিষ্টোমাদি-যজ্ঞ-সাধনভূতঃ,'চেতনঃ' ইন্দ্রিয়াণাং চেতয়িতা, আপ্যায়নকারী সন্নসৌ সোমঃ 'জিগাতি' যুবা মভিগচ্ছতি। 'অয়া' অস্মদীয়য়া স্তুতিলক্ষণয়া অনয়া বাচা আহুতৌ সন্তৌ যুবাং 'সুতম্' অভি-ষবাদি-সংস্কারোপেতম্ 'ইমং' 'পাতং' পিবতম্ (২) ॥ অথ তৃতীয়া। 'যজ্ঞস্য' যজ্ঞসাধনভূতস্য সোমস্য 'জূত্যা' জূতিঃ প্রেরণং সোমস্তাবদ্ যজমানং প্রেরয়তি। সাধন মুপ-লভ্য তৎ-সাধ্যে ক্রতৌ যজমানঃ প্রবর্ত্তত ইতি হি তস্য প্রেরকত্বম্। তয়া প্রেরণরূপতয়া জূত্যা প্রেরিতোঽহং স্তোতা 'কবিচ্ছদা' কবীনাং স্তোতৄণা মুচিতফলপ্রদানোপচ্ছন্দকৌ ইন্দ্র মগ্নিং চ যুবাং 'বৃণে' সম্ভজে। আগতৌ চ তাবিন্দ্রাগ্নী 'ইহ' অস্মদীয়ে অস্মিন্ কর্ম্মণি 'সোমস্য' সোমেন সোমযাগেন 'তৃম্পতাং' তৃপ্যতাম্ (৩) ॥ ৭

সা॰ ভা॰ অ॰। হে ইন্দ্র ও অগ্নি দেবদ্বয়! অভিষবাদি সংস্কারে সুংস্কৃত, অতএব বরণীয়, এই সোম পান করিবার জন্য অস্মদীয় স্তুতিবাক্যে আহূত হওত স্বর্গ হইতে সমাগত হও এবং আসিয়া আমাদের ক্রিয়াপ্রেরিত হওত এই সোম পান কর (১) ॥ হে ইন্দ্র ও অগ্নি দেবদ্বয়! স্তোতৃগণের স্বর্গাদিপ্রাপ্তি-বিষয়ে সহায় তোমাদিগকে যজ্ঞসাধন, ইন্দ্রাদির চেতয়িতা সোম প্রাপ্ত হইতেছে, অস্মদীয় স্তুতিবাক্যে আহূত হওত অভিষুত ইহা পান কর (২) ॥ যজ্ঞসাধন সোমের প্রেরণবশে আমি, স্তোতৃগণের ইপ্সিতফলদানে সমর্থ ইন্দ্র

ও অগ্নি দেবদ্বয়কে সম্ভজন করি। তাঁহারা আমাদের এই কর্ম্মে সোমপানে তৃপ্তিলাভ করুন (৩)॥ ৭

অ॰। হে ইন্দ্রাগ্নী দেবদ্বয়!* নভোমণ্ডলে দেখা দেও! আমাদের কর্ম্মানুসারে সঞ্জাত † নভোমণ্ডলে সমুৎপন্ন, বাক্য-সমূহে বরণীয় এই মেঘসমূহকে রক্ষা কর (১)। হে ইন্দ্রাগ্নী! স্তোতৃগণের সহায়ভূত ও চেতনকারী এই যজ্ঞধূম ঊর্দ্ধে যাইতেছে; এই ক্রিয়ার সাহায্যে অভিনবোৎপন্ন এই মেঘকে রক্ষা কর (২)। ক্রান্তদর্শী সেই পরমপিতার সৃষ্টিযন্ত্র বিশেষ এই ইন্দ্র ও অগ্নিকে আমি যজ্ঞের দ্বারা বরণ করি, তাঁহারা সোমমণ্ডল পরিতৃপ্ত করুন ‡ (৩)॥ ৭

ইতি সামবেদার্থপ্রকাশে উত্তরাগ্রন্থস্য প্রথমস্যাধ্যায়স্য দ্বিতীয়ঃ খণ্ডঃ॥ ১। ২॥

॥ ইতি আজ্যস্তোত্রং‖॥

---

* এস্থলে ইন্দ্রশব্দে সু-মেঘচালক বায়ু এবং অগ্নিশব্দে মেঘচালনসমুদ্ভূত বিদ্যুৎ। এই সহচারী বায়ু ও বিদ্যুৎ, মেঘের প্রধান দেবতা।

† যাজ্ঞিকমতে যজ্ঞানুষ্ঠানফলেই মেঘোৎপত্তি হয় এবং অদৃষ্টবাদীদের ও মতে সুবৃষ্টি ও অনাবৃষ্টি জীবগণের অদৃষ্টানুসারেই ঘটিয়া থাকে; কর্ম্মই যে অদৃষ্টমূল ইহা বলা বাহুল্য।

‡ এস্থলে প্রথমভাগে কথিত, ত্রিবিধ সোমই লক্ষ্য।

‖ ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম—এই চারি সূক্ত যুগপৎ অবলম্বনে একটি "পঞ্চদশ স্তোম" সম্পন্ন হয় এবং ইহাই চারিটি গায়ত্র সামে গীত হইয়া প্রাতঃসবনে ব্যবহৃত হয়। ঐ চারিটিকেই আজ্যস্তোত্র কহে। তন্মধ্যে প্রথমটি আগ্নেয় আজ্য, ২য় মৈত্রাবরুণ আজ্য, ৩য় ঐন্দ্রআজ্য, ৪র্থ ঐন্দ্রাগ্ন আজ্য নামে প্রসিদ্ধ।

(৮)

৩ ১ ২ ৩ ১ ২র ৩ ১ ২র ৩ ২উ ৩
উচ্চাতেজাতমন্ধসোদিবিসদ্ভূম্যাদদে। উগ্রংশর্ম্ম
২ ৩ ১ ২ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
মহিশ্রবঃ (১) ॥ সনইন্দ্রায়য়জ্যবেবরুণায়মরুদ্ভ্যঃ।
৩ ১ ২র ৩ ১ ২র ৩২উ ৩ ২ ৩
বরিবোবিৎপরিস্রব (২) ॥ এনাবিশ্বান্যর্য্যআদ্যুম্নানি
১ ২ ১ ২
মানুষাণাম্। সিষাসন্তোবনামহে (৩) ॥ ৮

৮। ছ০ আ০ ৮৩৭ পৃ০ ৫, ২, ৪, ১। ঋ০ স০ ৭, ১, ১৯, ৫-২০; ২-১। ঋ০ আঙ্গিরস অমহীয়ু। ছ০ ঐ। দে০ পবমান সোম। উ০ গা০ ১, ১, ১ আমহীয়বং—২, ১, ১৩ কুল্লক বৈষ্টম্ভম্—৬, ১, ৯ আজিগং—৬, ১, ১০ আভীগং—৭, ১, ১২ গায়ত্রীবৈরূপং—৮, ২, ১২ সত্রাসাহীয়ং—১০, ১, ১০ স্বার-সৌপর্ণং—১০, ১; ১১ জরাবোধীয়ং—১১, ১, ১৪ শাকরবর্ণং—১২, ১, ১ ঋষভ-পাবমানং—১২, ১, ২ গোষুক্তং—১২, ২, ৭ স্বারসৈন্ধুক্ষিতং—১৩, ১, ১৭ ঐড়সৌপর্ণং—১৫, ১, ৩ সুরূপোত্তরং ১৭, ১, ৪ অদারসৃৎ—১৫, ১, ৫ ইড়ানাং সংক্ষারঃ—১৯, ১, ১১ আশুভার্গবং—২০, ১, ৬ সৌমিত্রং—২০, ১, ৭ ঐটতং—২০, ১, ৮ ধ্রুবাসাকমশ্বং—২০, ১, ৯ বিলম্বসৌপর্ণং—২০; ২, ১৪ মার্গীয়বাদ্যং—২২, ১, ৪ ঐড়কৌৎসং—১৬, ১, ১৯ সৌমিত্রম্ ঊহ্যগানে ২, ২, ১ অগ্নেব্রতম্।

সা০ ভা০। প্রথমতৃচে—প্রথমা। হে সোম! 'তে' তব সম্বন্ধিনঃ 'অন্ধসঃ' রসস্য 'উচ্চা' উপরি 'জাতং' জন্ম। অপিচ 'দিবি' দ্যুলোকে 'সৎ' তব সম্বন্ধি 'উগ্রম্' উদ্গূর্ণং 'শর্ম্ম' সুখং 'মহি' মহৎ। 'শ্রবঃ' অন্নং 'ভূমি' ভূমিষ্ঠৈঃ যজমানৈঃ 'আ দদে' আদীয়তে॥ 'দিবিসদ্'—'দিবিষদ্'—ইতি পাঠৌ (১)॥ অথ দ্বিতীয়া। হে সোম 'বরিবোবিৎ' ধনস্য লম্ভকঃ! পবমান! অস্মাকং 'যজ্যবে' যষ্টব্যায় 'ইন্দ্রায়' 'বরুণায়' চ 'মরুদ্ভ্যঃ'

নঃ চ 'পারয়' পারয়িত্বা ক্ষর (২) ॥ অথ তৃতীয়া। 'মানুষাণাং' মনুষ্যাণাং লব্ধব্যানি 'এনা' এনানি 'বিশ্বা' বিশ্বানি সর্ব্বাণি 'দ্যুম্নানি' যজ্ঞসাধনানি ধনানি হে সোম! ত্বৎপ্রসাদাৎ 'আ' আভিমুখ্যেন 'অর্য্যঃ' অভিগচ্ছন্তঃ বয়ং 'সিষাসন্তঃ' সম্ভক্তুমিচ্ছন্তশ্চ 'বনামহে' ত্বাং সম্ভজামহে (৩) ৮ ॥

সা° ভা° অ°। হে সোম! উগ্র, সুখকর ও মহৎ অন্নরূপ তোমার রস দ্যুলোকে সমুৎপন্ন হইলেও ভূমিস্থ যজমানগণকর্ত্তৃক গৃহীত হইয়া থাকে (১)। হে সোম! ধনের প্রাপক তুমি, আমাদের যষ্টব্য ইন্দ্র, বরুণ ও মরুদ্গণের তৃপ্তির জন্য পরিস্রুত হও (২)। হে সোম! মনুষ্যগণের লব্ধব্য, যজ্ঞসাধন, এই সমস্ত ধন প্রাপ্ত হওত সম্ভজনা করিতে প্রবৃত্ত আমরা তোমাকে সম্যক্ ভজনা করি (৩) ॥ ৮

অ°। হে সোম! উগ্র, সুখকর ও মহৎ অন্নরূপ তোমার সুধাধারা, আমরা ভূমিস্থ হইলেও সূর্য্যরশ্মিপ্রসাদে* গ্রহণে সমর্থ হই (১)। সর্ব্বধনের নিয়ন্তা, সেই পরমদেবতা, আমাদিগের জন্যই ইন্দ্র, বরুণ, মরুদ্গণ ও আজিকার যষ্টব্য সোমদেবতাকে সতত পরিচালনা করিতেছেন (২)। হে অর্য্য! (ঈশ্বর! †) মনুষ্যগণের হিতার্থই এই সমস্ত (ইন্দ্রাদি) ঐশসম্পত্তি এবং এই সমস্ত সম্যক্ ভোগ করিবার আশয়েই আমরা ভজনা করি (৩) ॥ ৮

---

* মূলে দিবিসৎ শব্দ থাকায় সায়ণাচার্য্য সোমকে দ্যুস্থ বলিয়া বর্ণনা করিয়াছেন পরং চন্দ্রমণ্ডলের দ্যুলোকস্থতা "চন্দ্রমা অপ্স্বন্তরা" প্রভৃতি শ্রুতিবিরুদ্ধ। অতএব দিবিসৎ শব্দে সূর্য্যরশ্মি অর্থই সঙ্গত বোধ হইল এবং এস্থলে "সুপাং সু লুক্" সূত্রের দ্বারা তৃতীয়ার লোপও অনুমিত হইল।

† "অর্য্যঃ = ঈশ্বরঃ" এবং "আর্য্যঃ = ঈশ্বরপুত্রঃ" নিরুক্ত ৫,৯ ও ৬,২৬ দেখ।

(৯)

২ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২র ১ ২ ৩ ১
পুনানঃসোমধারয়াপোবসানোঅর্ষসি। আরত্নধা
১ ২র৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩
য়োনিমৃতস্যসীদস্যুৎসোদেবোহিরণ্যয়ঃ (১)।। দুহা
১ ২র৩ ১র ২র ৩ ২ ৩ ২ ৩ ২ ৩ ১ ২ ২ ১ ২ ৩
নঊধর্দ্দিব্যম্মধুপ্রিয়ম্প্রত্নংসধস্থমাসদৎ। আপৃচ্ছ্যন্ধ
১ ২ ৩ক ২র ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২
রুণম্বাজ্যর্ষসিনৃভির্দ্ধৌতোবিচক্ষণঃ (২)।। ৯

৯। ছ° আ° ১২ পৃ° ৬, ১, ৩, ১। ঋ° স° ৫, ১২, ৪৩৫। ঋ° মারীচ কশ্যপ। ছ° বৃহতী। দেবতা ঐ। উ° গা° ১, ১, ২ রৌরবং—১, ১, ৩ য়ৌধাজয়ং—১, ২; ২০ ঐড়মায়াস্যং—২, ১, ১ ত্রিণিধন মায়াস্যং—৪, ১, ৪ কণ্বরথন্তরং—৪, ১, ৫ গৌঙ্গব—৪, ১, ৬ দ্বিনিধন মায়াস্যং—৬, ১, ১১ উৎসেধং—৬, ১, ১২ য়জ্ঞায়জ্ঞীয়ং—৬, ১, ১৩ নিষেধম্ ৬, ২, ২ সমন্তং—৮, ২, ১৩ অভীবর্ত্তং—৮, ১, ১৪ অভীবর্ত্তং—৮, ১, ১৫ মহাকালেয়ং—৯, ২, ১৬ বাসিষ্ঠং—১২, ১, ১২ মহাবৈষ্টম্ভং—১০, ১, ১৩ মহাকালেয়ং—১০, ১, ২০ বষট্কারণিধনং—১১, ২, ১৬ দৈর্ঘশ্রবসং—১৩, ১, ৭ মৈধাতিথং—১৩, ১, ১৯ বরুণসাম—১৩, ২, ১৫ বৈয়শ্বং—১৩, ২, ২৬ বষট্কারণিধনং—১৫, ২, ৩ পৃশ্নিসাম—১৫, ২, ৪ আভীষিবোত্তরং—১৬, ১, ১০ পৌরুমুদ্গং—১৭, ১, ১ আষ্কারণিধনং কাণ্বং ১৩, ১, ১৬ সোমসাম—১৮, ১, ৭ বার্হদুক্থম্—১৮, ১, ২০ পৃষ্ঠং—১৮, ১, ২১ কৌল্মলবর্হিষং—১৮, ২, ৩ বাশং—১৯, ১, ২০ মাধুচ্ছন্দসং—১৯, ৩, ১২ গৌরীবিতং—২০, ২, ১১ উভয়তঃ স্তোভং গৌতমং—২০, ২, ১৫ দ্বিহিংকারং বামদেব্যং—২০, ২, ১৬, দ্বৈগতং—২০, ২, ১৭ অর্কপুষ্পাদ্যং—২১, ২, ৯ দেবোদাসং—২২, ১, ৫ নৌধসং—২২, ১, ৮ শৈ্যনং—২২, ২, ৮ কণ্ব বৃহৎ। উহ্য গানে ১, ২, ১০ সপ্তহং—৭, ১, ৯ ও ১০ দেবস্থানং—৪, ১, ৫ আথর্ব্বণং—৪, ২, ৪ ভার্গবং—১৩ যশঃ—১৫ উৎসর্পং—৫, ১, ১৪ অশ্বিনোর্ব্রতং—৫, ২, ৮ অপাংব্রতং—৬, ১, ৭ তৌরশ্রবসোত্তরং—৪, ১, ২০ দ্বিপদাভ্যাসংরথন্তরং—৪, ২, ৬ বার্কজম্ভং—৪, ১, ৭ বৃহৎসাম।

সা° ভা°। দ্বিতীয় সূক্তরূপে প্রগাথে—প্রথমা। হে সোম! 'পুনানঃ' পূয়মানস্ত্বম্ 'অপঃ' উদকানি বসতীবর্য্যাখ্যানি 'বসানঃ' আচ্ছাদয়ন্ 'ধারয়া' 'অর্ষসি' পবিত্রং গচ্ছসি, ততো 'রত্নধা' রত্নানাং রমণীয়ানাম্ধনানাং দাতা চ 'ঋতস্য' সত্যভূতস্য যজ্ঞস্য 'য়োনিং' স্থানম্ 'আসীদসি'। কীদৃশস্ত্বম্? 'উৎসঃ' প্রস্যন্দনশীলঃ 'দেবঃ' দ্যোতমানঃ 'হিরণ্যয়ঃ' হিরণ্ময়ঃ সুবর্ণোৎপত্তিস্থান মিত্যর্থঃ। 'উৎসোদেবঃ'—'উৎসোদেব'—ইতি পাঠৌ (১)॥ অথ দ্বিতীয়া। 'মধু' মদকরং 'প্রিয়ং' প্রীণনকারি 'দিব্যং' দিবিভবম্ 'ঊধঃ' সোমবল্লীলক্ষণং 'দুহানঃ' পবমানঃ সোয়োদেবঃ 'প্রত্নং' পুরাতনং 'সধস্থং' সহ তিষ্ঠত্যত্রেতি সধস্থং স্থান মন্তরিক্ষম্ 'আসদৎ' আসীদতি। মদেল্লুঙি রূপং। তদনন্তরম্ 'আপৃচ্ছ্যং' কর্ম্মণা প্রষ্টব্যং 'ধরুণং' কর্ম্মণো ধারয়িতারং যজমানং 'বাজী' অন্নবান্ সন্ হে সোম! ত্বম্ 'অর্ষসি' তস্মৈ অন্নং দাতু মতিগচ্ছসি। কীদৃশঃ? নৃভিঃ কর্ম্মনেতৃভির্ঋত্বিগ্‌ভিঃ 'ধৌতঃ' অদাভ্যগ্রহে পরিশোধিতঃ 'ঐতরেনং চতুরাধূনোতি পঞ্চ কৃত্বঃ সপ্ত কৃত্বো বা (১২.৫,১৭)'—ইত্যাপস্তম্বেন সূত্রিতম্। 'বিচক্ষণঃ' সর্বস্য দ্রষ্টা॥ 'নৃভির্দ্ধৌতঃ'—'নৃভির্দ্ধূতঃ'—ইতি পাঠৌ (২)॥ ৯

সা° ভা° অ°। হে সোম! প্রস্যন্দনশীল, দ্যোতমান, স্বুবর্ণোৎপত্তিস্থান, পূয়মান তুমি বসতীবরী নামক জলে সমাচ্ছন্ন হওত ধারাকারে পবিত্রে ক্ষরিত হইতেছ, পরে রমণীয় ধনসমস্তের দাতৃরূপে যজ্ঞের মধ্যে নির্দ্দিষ্ট স্থানে আসীন হইতেছ (১)। মদকর, প্রীণনকারী, দিব্য, সোম, স্তনস্বরূপ বল্লীরূপে দুহ্যমান হওত পুরাতন স্থান-অন্তরীক্ষে

আসীন হ'ন, অনন্তর কর্ম্মনেতা ঋত্বিক্‌গণকর্ত্তৃক নিগ্রাভ্য নামক জলের দ্বারা অদাভ্যগ্রহে পরিশোধিত হওত সেই বিশেষ দ্রষ্টা সোম, কর্ম্মদ্বারা প্রষ্টব্য, কর্ম্মের ধারয়িতা যজমানকে অন্নবান্ করিবার জন্য আগমন করেন* (২)॥ ৯

অ০। হে সোম! প্রস্যন্দনশীল, দ্যোতমান, হিরণ্ময় ও (সূর্য্যরশ্মিতে) শোধ্যমান তুমি জলসমূহে সমাচ্ছন্ন,—রমণীয় ধনসমস্তের বিধাতা হওত জলযোনি অন্তরীক্ষে রহিয়াছ (১)। সোম, দিব্য অর্থাৎ দ্যুলোকের প্রধান সম্পত্তি সূর্য্যরশ্মিরূপ স্তন দোহন করত মদকর, প্রীণনকারী প্রাচীন জলস্থানে (অন্তরীক্ষে) আসীন রহিয়াছেন। অন্নের হিতকারী, রাত্রিকালে দৃষ্টির সহায়ক তুমি সূর্য্যরশ্মিসমূহের নেতৃত্বে জিজ্ঞাসার বিষয় এবং (বহু উপগ্রহের) ধারক স্বীয় কক্ষায় ধাবিত হইতেছ (২)॥ ৯

(১০)

১ ২র ৩২৩ ২ ৩ ১২ ৩১২ ৩ ২ ৩১র ২র
প্রতুদ্রবপরিকোশান্নিষীদনৃভিঃপুনানোঅভিবাজমর্ষ।
২ ৩১২৩ ২৩ ২৩১ ২ ৩১ ২৩১ ২
অশ্বন্নত্বাবাজিনম্মর্জয়ন্তোচ্ছাবর্হীরশনাভির্নয়ন্তি (১)।
৩ ১ ২ ৩১ ২র ৩২৩২৩১ ২ ৩২
স্বায়ুধঃপবতেদেবইন্দুরশস্তিহাবৃজনারক্ষমাণঃ। পিতা
৩১ ২ ৩ ২ ৩১ ২ ৩ ২ ৩ ২৩১২ ৩২
দেবানাঞ্জনিতাসুদক্ষোবিষ্টম্ভোদিবোধরুণঃপৃথিব্যাঃ(২)।
২৩১ ২ ৩১র ২র ৩১ ২র ৩২৩১ ২ ৩১ ২
ঋষির্বিপ্রঃপুরএতাজনানামৃভুর্দ্ধীরউশনাকাব্যেন। সচি
৩১ ২৩ ১২ ৩ ২ ২ ৩ ২
দ্বিবেদনিহিতংয়দাসামপীচ্যাঽগুহ্যন্নামগোনাম্ (৩)॥১০

---

* বসতীবরী, একধন, অদাভ্য ও নিগ্রাভ্য ইত্যাদির পরিচয় মদনুবাদিত যজুর্ব্বেদের টীপ্পনীতে দ্রষ্টব্য।

১০। ছং আং ৯।১ পূং ৬, ১, ৪, ১। ঋং সং ৭,৩,২২,১-২-৩। ঋং উশনা কাব্যঃ ছং ত্রিষ্টুপ্ দেং ঐং। উং গাং ১, ১, ৪ ঔশনং—১৯, ১, ৭ বৈশ্বজ্যোতিষাদ্যম্।

সাং ভাং। তৃতীয় তৃচে—প্রথমা। হে সোম! 'তু' ক্ষিপ্রং 'প্রদ্রব' অস্মদ্‌যজ্ঞং প্রকর্ষেণাগচ্ছ। গত্বা চ 'কোশং' দ্রোণকলশং 'পরি নিষীদ' নিষণ্ণো ভব। 'নৃভি' নেতৃভিঃ 'পুনানঃ' পূয়মানঃ সন্ 'বাজং' অন্নং হবীরূপং ত্বং 'অভ্যর্ষ' অভিগচ্ছ। 'বাজিনং' বলবন্তং 'অশ্বং ন' অশ্বমিব তং যথা মার্জয়ন্তি। তদ্বদ্বাজিনং ত্বাং 'মর্জয়ন্তঃ' শোধয়ন্তঃ অধ্বর্য্যুপ্রমুখা ঋত্বিজঃ 'বর্হিঃ' 'অচ্ছ' অস্মদীয়ং যজ্ঞং প্রতি 'রশনাভিঃ' রশনাবদায়তাভিরঙ্গুলীভিঃ 'নয়ন্তি' (১)॥ অথ দ্বিতীয়া। 'স্বায়ুধঃ' শোভনায়ুধঃ 'ইন্দুঃ' 'সোম' দেবঃ 'পবতে' স চ দেবঃ 'অশস্তিহা' রক্ষোহা 'বৃজনা' বৃজনানি উপদ্রবাণি পরিহিত্যেতি শেষঃ, 'রক্ষমাণঃ' 'পিতা' 'পালকঃ' 'দেবানাং' 'তথা' 'জনিতা' উৎপাদকঃ 'সুদক্ষঃ' শোভনবলঃ 'দিবঃ' 'বিষ্টম্ভঃ' বিশেষেণ স্তম্ভয়িতা 'পৃথিব্যাঃ' চ 'ধরুণঃ' ধারকঃ। এবং মহানুভাবঃ পবতে। 'বৃজনা'-'বৃজন্'—ইতি পাঠৌ (২)॥ অথ তৃতীয়া। 'ঋষিঃ' অতীন্দ্রিয়দ্রষ্টা 'বিপ্রঃ' মেধাবী 'পুরঃ এতা' পুরতো গন্তা 'জনানাং' মনুষ্যাণাং 'ঋভুঃ' উরুভাসমানঃ 'ধীরঃ' ধীমান্ 'উশনাঃ' এতন্নামকঃ ঋষিঃ য়ঃ 'সচিৎ' স এব 'কাব্যেন' স্তোত্রেণ 'বিবেদ' লভতে। কিমিতি ? উচ্যতে। 'আসাং' 'গোনাং' গবাং সম্বন্ধি 'যৎ' 'অপীচ্যম্' অন্তর্হিত-নামৈতৎ অন্তর্হিতং 'নাম' নামক মুদকং পয়োলক্ষণম্ কীদৃশম্ ? 'গুহ্যং' গোপনীয়ম্ (৩)॥ ১০

সা॰ ভা॰ অ॰। হে সোম! শীঘ্র আমাদের যজ্ঞে আগমন কর। আসিয়া দ্রোণকলশে নিষণ্ণ হও। নেতৃগণ-কর্ত্তৃক পূয়মান হওত হবীরূপ প্রাপ্ত হও। বলবান্ অশ্বের ন্যায় ঋত্বিক্‌গণ, তোমাকে শোধন করত অঙ্গুলীসমূহদ্বারা যজ্ঞে উপস্থিত করিতেছেন (১)। রক্ষোগণের হন্তা, দেবগণের পালক, সুখের উৎপাদক, সুন্দর বলের নিদান, দ্যুলোকের স্তম্ভয়িতা, পৃথিবীর ধারক, শোভনায়ুধ, সোম উপদ্রব পরিহার করত ক্ষরিত হইতেছেন (২)। অতীন্দ্রিয় দ্রষ্টা, মেধাবী, মনুষ্যাগ্রগণ্য, উরুভাসমান, ধীর, উশনাঋষি স্তোত্রফলে এই সোমরসের গোপনীয় নাম লাভ করিয়াছিলেন (৩)॥ ১০

অ॰। হে সোম! নেতৃগণকর্ত্তৃক অর্থাৎ সূর্য্যরশ্মিসমূহ-কর্ত্তৃক শোধ্যমান হওত নিষণ্ণ হও!—আমাদের অন্ন লক্ষ্য করিয়া অর্থাৎ ব্রীহ্যাদি ওষধিবৃক্ষে সুধাধারাপাৎ করিতে করিতে গমন কর—স্বীয় কক্ষায় পরিতঃ ধাবিত হও। তোমাকে রশনা-সংযোগে বাজী অশ্বের ন্যায় সংশোধন করত* যথেচ্ছ-প্রদেশে উপনীত করিয়া থাকেন† (১)। সুন্দর আয়ুধ-বিশিষ্ট, ইন্দুদেবতা, সমস্ত উপদ্রব হইতে রক্ষিত হওত

* অশ্বপক্ষে বাজী=বেগবান্, সোমপক্ষে বাজী=অন্নবান্ অর্থাৎ অন্নহিতকারী। অশ্বপক্ষে রশনা=বল্গা, সোমপক্ষে রশনা=সূর্য্যরশ্মি। অশ্বপক্ষে সংশোধন=সুগমনক্ষমকরণ, সোমপক্ষে সংশোধন=অতিশৈত্য নিবারণ।

† এ উপনীতক্রিয়া যাহাতে সম্ভবে, তিনিই এ ক্রিয়ার কর্ত্তা সুতরাং ঈশ্বর। মূলে শ্রুত বহুবচনটি মান্যার্থ, বা বহুঘটস্থ ঈশ্বরের ব্যবহার-বহুত্ব-জ্ঞাপনার্থ।

তমোরূপ শত্রু নাশ করিতে করিতে গমন করিতেছেন। (কে তাঁহাকে সমস্ত উপদ্রব হইতে রক্ষা করিতেছে? এই জিজ্ঞাসা-নিবৃত্ত্যর্থ শ্রুত হইতেছে—) যে কার্য্যনিপুণ দেবতা, সমস্ত ভাব পদার্থের উৎপত্তিকর্ত্তা, যিনি সমস্ত ভাব পদার্থের রক্ষা কর্ত্তা, যিনি সূর্য্যের স্বস্থানে স্তব্ধকারী, যিনি এই পৃথিবীর ধারয়িতা* (তিনিই ইন্দুকে সমস্ত উপদ্রব হইতে রক্ষা করিতেছেন) (২)। সেই সর্ব্বদর্শী, প্রকৃষ্ট চেতনাবান্ দেবতা, সমস্ত জীবের সমক্ষেই সতত বিদ্যমান রহিয়াছেন। এই সমস্ত সূর্য্যকিরণের মধ্যেই নিহিত—অন্তর্হিত—গুহ্য যে তৎপ্রসিদ্ধি†, তাহা সেই উরু ভাসমান, ধীমান্ উশনাঋষি, কাব্যের‡ সাহায্যে বুঝিয়াছিলেন§ (৩)॥১০

* ঐতরেয়ব্রাহ্মণে উক্ত হইয়াছে—"দ্যৌঃ অন্তরিক্ষে প্রতিষ্ঠিতা, অন্তরিক্ষং পৃথিব্যাং, পৃথিবী অপ্সু, আপঃ সত্যে, সত্যং ব্রহ্মণি"। ৩পা০ ১অ০ ৬খ০।

† অর্থাৎ সূর্য্যরশ্মির প্রভাব দেখিয়া, সেই রশ্মিসমস্তের সৃষ্টি বিষয়ে চিন্তা করিলে যাহা প্রাপ্ত হওয়া যায়।

‡ কাব্যশব্দে বেদও বুঝায়, সৃষ্টিও বুঝায়। এতাবতা আগম-প্রমাণে বা সৃষ্টি দেখিয়া অর্থাৎ কার্য্যকারণানুমান প্রমাণে।

§ বৈদিকসমাজে এই তৃতীয় ঋক্‌টির দ্বারা রক্ষাবন্ধন সমাধা হইয়া থাকে।

মাধ্যন্দিন পবমান স্তোত্র সমাপ্ত।*

* ৮ম, ৯ম ও ১০ম এ তিনটীই মাধ্যন্দিন পবমান, মাধ্যন্দিন সবনে প্রযুক্ত হইয়া থাকে।

(১১)

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ১ ২ ৩ ১র
অভিত্বাশূরনোনুমোদুগ্ধাইবধেনবঃ। ঈশানমস্য
২র ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ১র ২র ৩ ২
জগতঃস্বর্দৃশমীশানমিন্দ্রতস্থুষঃ (১) ॥ নত্বাবাং অন্যো
৩ ২ ২র ৩ ২ ৩ ১র ২র ৩ ১ ২
দিব্যোনপার্থিবোনজাতোনজনিষ্যতে। অশ্বায়ন্তো
৩ ১ ২ ৩ ১ ২
মঘবন্নিন্দ্রবাজিনোগব্যন্তস্ত্বাহবামহে (২) ॥ ১১

১১: ছ° আ° ৩৭৮ পৃ° ৩, ১, ৫, ১। ঋ° স° ৫, ৩, ২১, ২-৩। ঋ° :মত্রাবরুণ বসিষ্ঠ। ছ° বৃহতী। দে° ইন্দ্র। উ° গা° ১২, ১, ১৯ কণ্-রথন্তরং—২২, ১, ১ ককুবুত্তরে কণ্‌রথন্তরং—২২, ১, ১২ বারবন্তীয়ং। উহ্য গা° ১, ১, ১ রথন্তরং—৩, ১, ৫ দ্বিপদান্তরং রথন্তরং—৫, ১, ১৫ রথন্তরং বৃহৎ।

সা° ভা°। অথ চতুর্থখণ্ডে, প্রথম সূক্তে—প্রথমা। হে 'শূর' বিক্রান্তেন্দ্র! 'ত্বা' ত্বাম্ 'অভি নোনুমঃ' বয়ং ভৃশমভিষ্টুমঃ। তত্র দৃষ্টান্তঃ—'অদুগ্ধা ইব ধেনবঃ' অকৃতদোহা গাবঃ আদরেণ বৎসান্ প্রতি হস্তারবং কুর্বন্তি তদ্বৎ বয়ং স্তুমঃ ইত্যর্থঃ। কীদৃশম্? 'অস্য' 'জগতঃ' জঙ্গমস্য 'ঈশানম্' ঈশ্বরং 'তস্থুষঃ' স্থাবরস্য চ ঈশানং, 'স্বর্দৃশঃ' সর্বদৃশং সর্বজ্ঞমিত্যর্থঃ (১)॥ অথ দ্বিতীয়া। হে 'মঘবন্নিন্দ্র'! 'দিব্যঃ' দিবি ভবঃ 'ত্বাবান্' ত্বৎসদৃশঃ 'অন্যঃ' ন জায়তে। 'পার্থিবঃ' পৃথিব্যাং ভবোঽপি ত্বাবান্ 'ন জাতঃ' ন জায়তে। দিব্যঃ পার্থিবো বা ত্বাবান্ ন জাতঃ। ন চ 'জনিষ্যতে' নোৎপৎস্যতে। লোকদ্বয়েঽপি ত্রিষ্বপি কালেষু ত্বাদৃশঃ কশ্চিন্নাস্তি ত্বমেব সমর্থো ভবসীত্যর্থঃ। 'অশ্বায়ন্তঃ' অশ্বানিচ্ছন্তঃ 'বাজিনঃ'

ব্রাজ মন্ন মিচ্ছন্তঃ। ইচ্ছায়া মিন্ প্রত্যয়ঃ। হবিষ্যন্তো বা 'গব্যন্তঃ' গা ইচ্ছন্তশ্চ বয়ং হে ইন্দ্র! 'ত্বা' ত্বাং 'হবামহে' আহ্বয়ামঃ (২)॥ ১১

সা০ ভা০ অ০। হে বিক্রান্ত ইন্দ্র! এই স্থাবরজঙ্গমাত্মক সমস্ত জগতের ঈশ্বর, সর্ব্বজ্ঞ, তোমাকে অকৃতদোহ গো-সকলের ন্যায় আমরা পুনঃ পুনঃ স্তব করি (১)। হে মঘবন্! ইন্দ্র! কি দ্যুলোকে কি পৃথিবীতে কেহই ত্বৎসদৃশ উৎপন্ন হয় নাই—হইবেও না। আমরা অশ্ব-লাভের ইচ্ছা করত এবং অন্ন-লাভের ইচ্ছা করত ও গো-লাভের ইচ্ছা করত তোমাকে আহ্বান করিয়া থাকি (২)॥ ১১

অ০। হে বিক্রান্ত পুরুষ! ইন্দ্র! যেহেতু তুমিই একমাত্র এ চরাচর সমস্ত জগতের অধিপতি এবং সর্ব্বস্রষ্টা অতএব দুগ্ধহীন অচিরপ্রসবা গাভীগণের ন্যায় (বৎসজীবন রক্ষার্থ বিপন্নভাবে) আমরা তোমাকে পুনঃ পুনঃ নমস্কার করি (১)। কি পৃথিবীতে কি দ্যুলোকে ত্বাদৃশ অপর কেহ কখন জন্মায় নাই—কখনও জন্মাইবেও না। অতএব হে পরম-ঐশ্বর্য্য-বিশিষ্ট ইন্দ্র! একমাত্র তোমাকেই কখন অন্ন-লাভ কামনায়, কখন গো-লাভ কামনায়, কখন বা অশ্ব-লাভ কামনায় আমরা সতত ডাকিতেছি* (২)॥ ১১

রথন্তর পৃষ্ঠস্তোত্র সমাপ্ত।†

---

* এ মন্ত্রের ইন্দ্রই যে জগদীশ্বর, ইহা কাহাকেও বুঝাইবার অপেক্ষা নাই।

† এই প্রগাথমূলক গানই 'যোনিরথন্তর' নামে ব্যবহৃত হইয়া থাকে; ভগবদ্গীতায় "সাম্নাং রথন্তরশ্চাস্মি" ইহাই। ঔদুম্বরীস্তম্ভশাখা স্পর্শ পূর্ব্বক ইহা গীত হয় বলিয়া ইহাকে পৃষ্ঠও কহে।

(১২)

১২ ৩ ১র ২র ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ২ ৩ ১ ২
কয়ানশ্চিত্রআভুবদূতীসদাবৃধঃসখা। কয়াশচিষ্ঠয়া
৩ ২ ১ ২ ৩ ১র ২র ৩ ১ ২ ৩ ১
বৃতা (১)॥ কস্ত্বাসত্যোমদানাম্মংহিষ্ঠোমৎসদ
২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ২উ ৩ ২
ন্ধসঃ। দৃঢাচিদারুজেবসু (২)॥ অভীষুণঃসখীনা
৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
মবিতাজরিতৃণাম্। শতম্ভবাস্যূতয়ে (৩)॥ ১২

১২। ছং আং ২৯২ পৃং ৩, ২, ৩, ৫। ঋং সং ৩, ৬, ২৩, ১-২-৩। ঋঃ গোতমবংশীয় বামদেব। ছং গায়ত্রী। দেং ঐ। উং গাং ১, ১, ৫ মহাবামদেব্যং—১০, ১, ৮ স্বারসৌপর্ণং। উহগানে ১, ২, ৯ রথন্তরং।

সাং ভাং। দ্বিতীয় তৃচে—প্রথমা। 'সদাবৃধঃ' সদা বর্দ্ধমানঃ 'চিত্রঃ' চায়নীয়ঃ পূজনীয়ঃ 'সখা' মিত্রভূতঃ ইন্দ্রঃ 'কয়া' 'ঊতী' ঊত্যা তর্পণেন 'নঃ' অস্মান্ 'আ ভুবৎ' আভিমুখ্যেন ভবেৎ? 'শচিষ্ঠয়া' প্রজ্ঞাবত্তময়া প্রজ্ঞাসহিতানুষ্ঠীয়মানেন 'কয়া বৃতা' কেন বর্ত্তনেন কর্ম্মণা চ অভিমুখো ভবেৎ? (১)॥ অথ দ্বিতীয়া। 'মংহিষ্ঠঃ' পূজনীয়ঃ 'সত্যঃ' সত্যভূতঃ 'মদানাং' মাদয়িতৃণাং মধ্যে 'কঃ' মদকরঃ? 'অন্ধসঃ' সোমলক্ষণস্যান্নস্য রসঃ। 'দৃঢাচিৎ' দৃঢ় মপি 'বসু' শত্রুসম্বন্ধি গবাদিকং ধনং 'আরুজে' আ সমন্তাৎ ভঙ্‌ক্তুং হে ইন্দ্র! 'ত্বা' ত্বাম্ 'মৎসৎ' মাদয়েৎ (২)॥ অথ তৃতীয়া। হে ইন্দ্র! 'সখীনাং' সমানখ্যাতীনাং 'জরিতৃণাম্' 'অবিতা' রক্ষিতা ত্বং 'নঃ' অস্মাকং 'শতং' শতসংখ্যাকম্ 'ঊতয়ে' রক্ষায়ৈ 'সু' সুষ্ঠু 'অভি ভবাসি' অভিমুখো ভব॥ 'শতম্ভবাস্যূতয়ে'—'শতিম্ভবাস্যূতিভিঃ'—ইতি পাঠৌ (৩)॥ ১২

সা০ ভা০ অ০। সতত বৃদ্ধিযুক্ত, পূজনীয়, মিত্রস্বরূপ, ইন্দ্র, কোন্ পালনক্রিয়ার দ্বারা আমাদের অনুগ্রাহক বলিয়া প্রসিদ্ধ হ'ন? প্রজ্ঞাসহিত অনুষ্ঠীয়মান কীদৃশ কর্ম্মের দ্বারা আমাদের অনুকূল হ'ন? (১)। পূজনীয়, সত্যস্বরূপ ও মাদয়িতৃশ্রেষ্ঠ কে? সোমরস। হে ইন্দ্র! যাহা পান করিয়া তুমি শত্রুদের সুদৃঢ় সম্পত্তিও নষ্ট করিতে সমর্থ হও (২)। মিত্রস্বরূপ স্তোতৃগণের রক্ষয়িতা, তুমি, আমাদের বহুবিধ রক্ষার জন্য অভিমুখ হও (৩)॥ ১২.

অ০। বিচিত্রবীর্য্য ইন্দ্রদেবতা*, কোন্ শক্তির দ্বারা আমাদের সতত-বর্দ্ধনকারী সখা? অবনশক্তির দ্বারা†। কোন্ ক্রিয়ার দ্বারা তাহা আমাদের লভ্য? যাহা প্রজ্ঞার সহিত অনুষ্ঠীয়মান (১)। সমস্ত মাদকদ্রব্যের মধ্যে কে প্রকৃত মাদক? অন্নসমস্ত;—যাহার মত্ততায় সুদৃঢ় দুর্গাদিও ভগ্ন করিয়া থাকে (২)‡। হে দেব ইন্দ্র! তোমার সখ্যভাবাপন্ন ও তোমার স্তোতা, আমাদের রক্ষার জন্য তুমি বহু-প্রকারে প্রকাশ পাইতেছ§ (৩)॥ ১২

ইতি মৈত্রাবরুণ পৃষ্ঠস্তোত্র।¶

---

* এ সূক্তের ইন্দ্রও জগদীশ্বর।

† অবধাতুর অনেক অর্থ আছে, এস্থলে রক্ষণার্থই প্রধানত গ্রহণীয়।

‡ এতাবতা যুদ্ধবিগ্রহের অবতারণা, অন্নের মত্ততাব্যঞ্জক মাত্র।

§ তিনি দহন পবন তপন প্রভৃতি সকলেরই অন্তরস্থ অথবা সর্ব্বাকারেই রক্ষা করিতেছেন।

¶ ইহার সামকেই "মহাবামদেব্য" গান কহে; ইহা সর্ব্বকর্ম্মেই ব্যবহার্য্য।

(১৩)

১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২র ৩ ২ ৩ ১
তং বো দস্মমৃতীষহং বসোর্মন্দানমন্ধসঃ। অভি বৎস
২র ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ২
ন স্বসরেষু ধেনব ইন্দ্রং গীর্ভির্নবামহে (১)॥ দ্যুক্ষং সুদা
৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২র ৩ ১ ২ ৩ ২ ৩ ১
নুং তবিষীভিরাবৃতং গিরিং ন পুরুভোজসম্। ক্ষুমন্তং বা
২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২র
জং শতিনং সহস্রিণং মক্ষূ গোমন্তমীমহে (২)॥ ১৩

১৩। ছং আং ৩৮৪ পৃং ৩, ১, ৫, ৪। ঋং গোতমবংশীয় নোধা। ছং বৃহতী। দেং ইন্দ্র। ঋং সং ৬, ৬, ১১, ১-২। উং গাং ১, ১, ৬ নৌধসং—৬, ২, ১৪ অভীবর্ত্তং—১৩, ১, ৫ জনিত্রাদ্যং—১৩, ১, ৮ শুদ্ধাশুদ্ধীয়াদ্যং—১৪, ১, ১৪ জনিত্রোত্তরং—২১, ১, ৪ সৌভরং—২১, ১, ৯ আষ্টারণিধনং কাণ্বং—২১, ১, ১৭ ককুবুত্তরনৌধসং—২২, ১, ১৪ বাঙ্‌নিধনং ক্রৌঞ্চং। উহ্যগানে ৪, ২, ৯ আথর্ব্বণম্।

সাঃ ভাঃ। অথ প্রগাথরূপে তৃতীয় সূক্তে—প্রথমা। নোধা নাম ঋষিরিন্দ্রং স্তৌতি। হে ঋত্বিক্‌য়জমানাঃ! 'দস্ম' দর্শনীয়ং 'ঋতীষহম্' ঋতয়ো বাধকাঃ শত্রবঃ তেষা মভিভবিতারং। পুনঃ কীদৃশম্? 'বসোঃ' বাসয়িতুর্দ্ধনস্য বিবাসয়িতুর্নির্ব্বারয়িতুঃ, যদ্বা। বসোঃ পাত্রে নিবসতঃ স্থিতস্য তাদৃশস্যান্ধসঃ সোম লক্ষণস্যান্নস্য পানেন 'মন্দমানং' মন্দানং মোদমানং 'বঃ' যুষ্টব্যত্বেন যুষ্মৎসম্বন্ধিনং তং দ্বাদশ মিন্দ্রং 'গীর্ভিঃ' স্তুতিলক্ষণাভির্বাগ্‌ভিঃ 'নবামহে'। নু স্তবনে, শব্দে বা। অভিষ্টুমঃ। কুত্রেতি 'স্বসরেষু'। অত্র যাস্কঃ—'স্বসরাণ্যহানি স্বয়ং সারীণি অপি বা স্বরাদিত্যো ভবতি স এতানি সারয়তীতি (নিরুং নৈং ৫, ৪) সূর্যনেতৃকেষু দিবসেষু বয়ম্ 'অভিষ্টুমঃ'

অভিতঃ শব্দয়ামঃ। তত্র দৃষ্টান্তঃ—‘বৎসং ন’ যথা ধেনবো নব প্রসূতিকা গাবঃ স্বসরেষু সুষ্ঠু অস্যন্তে প্রের্য্যন্তে গাবোঽত্রেতি স্বসরাণি গোষ্ঠানি তেষু বৎস মভিলক্ষ্য শব্দয়ন্তি তদ্বৎ (১)॥ অথ দ্বিতীয়া। ‘দ্যুক্ষং’ দীপ্তিমন্তং নিবাসস্থানম্ অতিশয়িত-দীপ্ত মিত্যর্থঃ। যদ্বা, দ্যুক্ষং দিবি দ্যুলোকে ক্ষিয়ন্তং নিব-নিসন্তং ‘সুদানুং’ শোভনদানং ‘তবিষীভিঃ’ বলৈঃ ‘আবৃতম্’। আচ্ছাদিতম্। পুনঃ কীদৃশম্? ‘পুরুভোজসং’ সোমাদিহবিঃ-প্রদানেন বহুভির্যজমানৈর্ভোজয়িতব্যম্। যদ্বা, বহূনাং পালয়িতারম্ ইন্দ্রম্ ‘ক্ষুমন্তম্’। টু ক্ষু ক্ষয়ে। শব্দবন্তম্। অনেন পুত্রাদিকং লক্ষ্যতে; স্তোত্রাদীনি কুর্বাণং ‘শতিনং সহস্রিণং’ শতসহস্রসংখ্যাক-ধনযুক্তং ‘গোমন্তম্’ গবাদিযুক্তং ‘বাজম্’ অন্নং ‘মক্ষু’ শীঘ্রং ‘ঈমহে’ যাচামহে। যদ্বা, পূর্বার্দ্ধো বাজবিশেষণত্বেন যোজনীয়ঃ—প্রদীপ্তং শোভনদানযোগ্যং বলাদিযুক্তং বহুভিঃ পুত্রমিত্রাদিভির্ভোক্তব্যংশব্দাদিযুক্তম্ অন্নম্ ইন্দ্রং যাচামহে ইতি (২)॥ ১৩

সা° ভা° অ°। হে ঋত্বিগ্‌যজমান! দর্শনীয় শত্রুগণের অভিভবকারী, সোমরসপানে মোদমান, বৎসরূপ ইন্দ্রকে এই দিবসসমূহে আমরা স্তুতিবাক্যসমূহ দ্বারা স্তব করি (১)। অতিশয় প্রদীপ্ত, দাতৃশ্রেষ্ঠ, বিবিধবলসম্পন্ন, বহুপালক, ইন্দ্রকে স্তব করত গোধনবিশিষ্ট বহুতর অন্ন আশু যাচ্ঞা করি (২)॥ ১৩

অ°। যিনি সকলেরই (প্রজ্ঞাচক্ষুতে) দর্শনীয়, যিনি সকলেরই সর্ববাধাদূরকারী, যিনি সকলেরই অন্নদানে ও ধনদানে মোদনকারী, আইস—আমরা সেই ইন্দ্রদেবতাকে

[দিনান্তে স্ব-স্ব-ব্রজে প্রতিগমনার্থ সমুদ্যতা অচিরপ্রসবা গাভীগণের বৎসাহ্বানের ন্যায় প্রীতিসহংকারে] প্রতিদিন আহ্বান করি (১)। যাঁহার নিবাসস্থান অতিশয় প্রদীপ্ত, যাঁহার দানের অসীম সৌন্দর্য্য, যিনি বলবৎ-শক্তি-সমূহ-সমন্বিত, যিনি বিশ্বব্রহ্মাণ্ডের ভোজনদাতা, যিনি গিরির ন্যায় অচল, সেই পরমদেবতারই নিকটে আমরা পুত্রপৌত্রাদি প্রজা, গোমেষাদি পশু, ব্রীহি গোধূমাদি অন্ন, আরও শত শত, সহস্র সহস্র বস্তু প্রার্থনা করিয়া থাকি* (২) ॥ ১৩

(১৪)

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১
তরোভির্বোবিদদ্বসুমিন্দ্রংসবাধঊতয়ে। বৃহদ্গা
২র ৩ ১ ২ ৩ ২ ৩ ২উ ৩ ২ ৩ ১ ২ ২উ
য়ন্তঃসুতসোমেঅধ্বরেহুবেভরন্নকারিণম্ (১) ॥ নয়
৩ ১ ২র ৩ ২ ৩ ২উ ৩ ১ ২ ৩ ১ ২র ২ ৩ ১ ২
ন্দুধ্রাবরন্তেনস্থিরামুরোমদেষুশিপ্রমন্ধসঃ। য়আদৃত্যা
৩ ১ ২ ৩ ১র ২র ৩ ২ ৩ক ২র
শশমানায়সুন্বতেদাতাজরিত্রউকৃথ্যম্ (২) ॥ ১৪

১৪। ছ০ আ০ ৩৮৭ পৃ০ ৪, ১, ৫, ৫। ঋ০ স০ ৬. ৪. ৪৭ (৩০), ১-২। ঋ০ কণ্ববংশীয় কলিঃ। ছ০ বৃহতী। দে০ ঐ। উ০ গা০ ১, ১, ৭ মহা-নেয়ং—১০, ১, ৫ বারবন্তীয়োত্তরং।

সা০ ভা০। চতুর্থে প্রগাথে—প্রথমা। হে ঋত্বিজঃ! 'বঃ' যূয়ং 'তরোভিঃ' বেগৈরশ্বৈরুপেতং বেগৈর্বা 'বিদদ্বসুং' বেদিতব্বসুং ধনাবেদকম্ 'ইন্দ্রং' 'সবাধঃ' বাধাসহিতাঃ 'ঊতয়ে' রক্ষণায় 'বৃহদ্গায়ন্তঃ' বৃহৎসঞ্জ্ঞকং সাম গায়ন্তঃ সন্তঃ পরিচরতেতি শেষঃ। কুত্র? ইতি, তদুচ্যতে—'সুতসোমে'

* বলা বাহুল্য যে এ সূক্তের ইন্দ্রও জগদীশ্বর।

'অভিষুত সোমকে 'অধ্বরে' যজ্ঞে সোমযাগে; অহঞ্চ স্তোতা যুষ্মদর্থং 'হুবে' আহ্বায়ামি। কমিব? 'ভরং ন' ভরং ভর্ত্তারং কুটুম্বপোষকং 'কারিণং' স্বহিতকরণশীলং, যথা স্বহিত-করণায়াহ্বায়ন্তি পুত্রাদয়স্তদ্বৎ, তথাভূত মিন্দ্রং হুবে ইতি (১)॥ অথ দ্বিতীয়া। 'সুশিপ্রং' শোভনহনুকং শোভননাসিকং বা। শিপ্রে হনূ নাসিকে বা (৬,১৭)—ইতি যাস্কঃ। 'যম্' ইন্দ্রং 'দুধ্রাঃ' দুর্দ্ধরাঃ অসুরাদয়ঃ 'ন বরন্তে' সংগ্রামে ন বারয়ন্তি, তথা 'স্থিরাঃ' দেবাঃ 'ন' বরন্তে। কিঞ্চ, 'মুরঃ' মরণশীলা মনুষ্যাঃ ন বরন্তে। 'যঃ' চ ইন্দ্রঃ 'অন্ধসঃ' সোমলক্ষণস্যান্নস্য 'মদে' মদায় সোমপানজনিতায় 'আদৃত্য' 'শশমানায়' শংসমানায় 'সুন্বতে' অভিষবং কুর্ব্বতে 'জরিত্রে' স্তোত্রে চ 'দাতা' ভবতি। কিম্? 'উক্থ্যং' স্তুত্যং ধনম্, তং হুবে ইতি পূর্ব্বেণ সম্বন্ধঃ॥ 'মদেষুশিপ্রং'—'মদেসুশিপ্রম্'—ইতি ষকার-সকারৌ পাঠৌ (২)॥ ১৪

অ০। হে মনুজগণ! তোমরা সততই ব্যাধাযুক্ত এবং ইন্দ্র, তোমাদেরই রক্ষার জন্য সতত বেগবান্ ও প্রার্থিতপ্রদ; অতএব তোমরা তাঁহার প্রীতি-উদ্দেশে যজ্ঞে সোম অভিষুত করিয়া "বৃহৎ" নামক সাম গান করত, তাঁহাকে অভিলাষ-পূরণকারী ভর্ত্তা ভাবিয়া আহ্বান কর (১)। যিনি, সোমাভিষব-কারী শশমান স্তোতাকে সাদরে অভিলষিত ধন প্রদান করেন, সেই সুশিপ্র ইন্দ্রকে অন্নমদে বর্ত্তমান, কি দুর্দ্ধর্ষ কি স্থিরমতি, কোন মর্ত্ত্যই বরণ করিতে সমর্থ নহে* (২০)॥ ১৪

* অর্থাৎ অন্নমদ ত্যাগ না করিলে তাঁহাকে বরণ করা যায় না। এ মন্ত্রে ঈশ্বর ব্যতীত অপর কি হইতে পারে? পরং ইহা যাজ্ঞিক মন্ত্র।

(১৫)

২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ১ ২ ৩ ১ ২
স্বাদিষ্ঠয়ামদিষ্ঠয়াপবস্বসোমধারয়া। ইন্দ্রায়পাত
৫ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ২উ ৩ ১ ২
বেসুতঃ (১) ॥ রক্ষোহাবিশ্বচর্ষণিরভিয়োনিময়ো
১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
হতে। দ্রোণেসধস্থমাসদৎ (২) ॥ বরিবোধাতমো
৩ ১ ২ ৩ ১ ২ ২ ৩ ১ ২ ৩ ১ ২
ভুবোমংহিষ্ঠোবৃত্রহন্তমঃ। পর্ষিরাধোমঘোনাম্ (৩) ॥ ১৫

১৫। ছ০ আ০ ৮৩১ পৃ০ ৫, ২, ৪, ২। ঋ০ স০ ৬, ৭, ১৬, ১-২-৩। ঋ০ বিশ্বামিত্রপুত্র মধুচ্ছন্দ। ছ০ গায়ত্রী। দে০ সোম। উ০ গা০ ১, ১, ৮ সংহিতং —৮, ২, ২০ ক্ষুল্লকবৈষ্টম্ভং—১০, ২, ১০ জরাবোধীয়ং—১১, ২, ৭ হাবিষ্কৃতং—২, ২, ৪ দক্ষনিধনমৌক্ষং—১৩, ১, ৯ গৌষূক্তং—১৩, ২, ১৩ সুরূপোত্তরং—১৮, ১, ১৫ কাক্ষীবতং—১৮, ১, ১৬ ভাসং—১৯, ২, ১৮ শৈশবং—২০, ২, ২০ আশ্বসূক্তং—২১, ১, ৬, সত্রাসাহীয়ং—২১, ১, ২০ স্বারকৌৎসং। উহ্যগানে ৩, ১, ২, স্বাশিরামর্কং—৩, ১, ১২ অগ্নেরক্ষং—৩, ২, ১৮ গবাংব্রতং।

সা০ ভাং। পঞ্চমখণ্ডে প্রথমতৃচে—প্রথমা। হে 'সোম!' 'ইন্দ্রায়' 'পাতবে' পাতুং 'সুতঃ' অভিষুতঃ ত্বং 'স্বাদিষ্ঠয়া' স্বাদুতময়া 'মদিষ্ঠয়া' অতিশয়েন মাদয়িত্র্যা 'ধারয়া' 'পবস্ব' ক্ষর (১) ॥ অথ দ্বিতীয়া। 'রক্ষোহাঃ' রক্ষসাং হন্তা, 'বিশ্বচর্ষণিঃ' বিশ্বস্য দ্রষ্টা সোমঃ, 'অয়োহতে' অয়সা হিরণ্যেন হতে। তথা চ শ্রূয়তে—'হিরণ্যপাণিরভিষুণোতি'—ইতি। 'দ্রোণে' দ্রোণকলশেন অধিষবণফলকাভ্যাং বা 'সধস্থং' সহস্থানং 'য়োনিম্' অভিষবস্থানম্ 'অভ্যাসদৎ' অভিমুখ্যেনাসীদতি ॥ 'অয়োহতে'—'অয়োহত', 'দ্রোণে'—'দ্রুণা'—ইতি চ পাঠৌ (২) ॥ অথ তৃতীয়া। হে সোম! ত্বং 'বরিবোধাতমঃ' অতিশয়েন

ধনানাং দাতা 'ভুবঃ' ভব। 'বেদঃ', 'বরিবঃ'—ইতি ধননামসু পাঠাৎ। 'মংহিষ্ঠঃ' দাতৃতমশ্চ ভব। সর্ব্বদাতৃত্ব মন্ত্রোচ্যতে ইত্যপুনরুক্তিঃ। 'বৃত্রহন্তমঃ' অতিশয়েনশত্রূণাং হন্তা চ ভব। কিঞ্চ 'মঘোনাং' ধনবতাং শত্রূণাং 'রাধঃ' ধনঞ্চ 'পর্ষি' অস্মভ্যম্ প্রয়চ্ছ। 'ভুবঃ'-'ভব'—ইতি—পাঠৌ (৩)॥ ১৫

